# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

বাংলাদেশ বেতার

Chaitra 19, 1430 Bangla, April 02, 2024, Tuesday, No. 93, 54th year

# H I G H L I G H T S

AL GS Obaidul Quader claims that occupation of educational institutions started during Ziaur Rahman's tenure. (R. Today: 20)

Foreign Minister Dr. Hasan Mahmud says, BUET cannot be turned into an arena of militancy in the name of depoliticisation. (VOA: 11)

BNP leader Gayeshwar C Roy says, govt is waiting to hear the news of BNP chairperson Khaleda Zia's death. What they are doing with BNP chairperson will be considered as planned murder. (VOA: 11)

High Court has stayed the notification that was issued banning student politics in BUET. As a result, there is no obstacle to do student politics in BUET. (BBC: 5)

Students of BUET are boycotting classes and exams for the third day with six-point demand, including a complete ban of student politics on the campus. (R. Today: 19)

Bangladesh has called for cooperation of Indonesia and IOM for the speedy repatriation of the forcibly displaced Rohingya citizens from Myanmar. (VOA: 8)

About 15 million people from Greater Dhaka will go home during Eid-ul-Fitr. Many fear that there is danger of public suffering and accidents during the Eid journey. (VOA: 9)

Many observers believe that the recovery of a large cache of weapons in 2004 at CFUL jetti marked the beginning of a chilly relationship between India and the then BNP government. (BBC: 3)

Election Commission has announced the schedule for the Upazila Parishad elections for the second phase. As per the schedule, polling will be held on May 21 in 161 upazilas. (R. Today: 20)

Civil society expresses anger at the decision of CDA to cut down hundred-year-old trees and hill slopes of the mountain road from Tigerpass to CRB in Chottogram city. (VOA: 8)

In Sylhet and Sunamganj, at least 200 houses and shops have been destroyed by Kalbaisakhi. Hundreds of people were injured. (R. Today: 20)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর,**
**বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১৯, বাংলা ১৪৩০, এপ্রিল ২, ২০২৪, মঙ্গলবার, নং- ৯৩, ৫৪তম বছর**

# শিরোনাম

শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে দখলদারিত্ব শুরু হয় জিয়াউর রহমানের আমলে বলে দাবি করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। (রে. টুডে : ২০)

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন যে বিরাজনীতিকরণের নামে বুয়েটকে জঙ্গিবাদের আখড়া বানানো যাবে না। (ভোয়া : ১১)

বিএনপি নেতা গয়েশ্বর রায় বলেছেন, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মৃত্যু সংবাদ শোনার জন্য সরকার অপেক্ষা করছে। বিএনপি চেয়ারপারসনের সঙ্গে তারা যা করছে, তা পরিকল্পিত হত্যাকাণ্ড হিসেবে বিবেচিত হবে। (ভোয়া : ১১)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্ররাজনীতি নিষিদ্ধ করে যে প্রজ্ঞাপনটি জারি করা হয়েছিল, সেটি স্থগিত করে দিয়েছে হাইকোর্ট। এর ফলে বুয়েটে ছাত্ররাজনীতি করতে আর কোন বাধা থাকছে না। (বিবিসি : ৫)

ক্যাম্পাসে ছাত্র রাজনীতি পুরোপুরি বন্ধ সহ ছয় দফা দাবিতে তৃতীয় দিনের মতো আজও ক্লাস ও পরীক্ষা বর্জন কর্মসূচি পালন করছেন বুয়েটের শিক্ষার্থীরা। (রে. টুডে : ১৯)

মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গা নাগরিকদের, তাদের স্বদেশে দ্রুত প্রত্যাবাসনে, ইন্দোনেশিয়া ও আইওএম-এর প্রতি সহযোগিতার আহ্বান জানিয়েছে বাংলাদেশ। (ভোয়া : ৮)

ঈদুল ফিতরে বৃহত্তর ঢাকার প্রায় দেড় কোটি মানুষ বাড়ি যাবে। ঈদ যাত্রায় জনদুর্ভোগ ও দুর্ঘটনার আশঙ্কা রয়েছে বলে অনেকেই আশঙ্কা করছেন। (ভোয়া : ৯)

পর্যবেক্ষকদের অনেকই মনে করেন, ২০04 সালে চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার জেটিতে বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধারের সেই ঘটনা ভারতের সাথে তৎকালীন বিএনপি সরকারের মধ্যে শীতল সম্পর্কের সূচনা করেছিল। (বিবিসি: ৩)

দ্বিতীয় ধাপে উপজেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। তফসিল অনুযায়ী দ্বিতীয় ধাপে ১৬১টি উপজেলায় আগামী ২১ শে মে ভোট প্রধান অনুষ্ঠিত হবে। (রে. টুডে : ২০)

চট্টগ্রাম নগরীর টাইগারপাস থেকে সিআরবি মুখী পাহাড়ি রাস্তার শতবর্ষী গাছ ও পাহাড়ের ঢাল কেটে ফেলার উদ্যোগ নিয়েছে সিডিএ। এই পদক্ষেপ, পরিবেশ ও প্রাকৃতিক সৌন্দর্য ধ্বংস করবে উল্লেখ করে ক্ষোভ প্রকাশ করেছে সেখানকার নাগরিক সমাজ। (ভোয়া : ৮)

সিলেট ও সুনামগঞ্জে কালবৈশাখীর তাণ্ডবে অন্তত ২ শতাধিক ঘর বাড়ি, দোকানপাট বিধ্বস্ত হয়েছে। এতে আহত হয়েছেন শতাধিক মানুষ। (রে. টুডে : ২০)

# বিবিসি

## অস্ত্র উদ্ধারের যে ঘটনা বিএনপি ও ভারতের মধ্যে সম্পর্কের তিক্ততা বাড়িয়েছিল

খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপি সরকার ২০০১-২০০৬ সালে ক্ষমতায় থাকার সময় যেসব ঘটনা ব্যাপক আলোড়ন এবং সরকারের মধ্যে প্রবল অস্বস্তি তৈরি করেছিল তার মধ্যে অন্যতম হচ্ছে ১০ ট্রাক সমপরিমাণ অস্ত্র উদ্ধারের বিষয়টি। বাংলাদেশের ইতিহাসে সর্ববৃহৎ অস্ত্র ও গোলাবারুদের চালান আটক করা হয় ২০০৪ সালের পহেলা এপ্রিল রাতে। দুটি বড় ট্রলারে করে এসব অস্ত্র সমুদ্রপথে আনা হয় চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার বা সিইউএফএল জেটিতে।

পর্যবেক্ষকদের অনেকই মনে করেন, বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধারের সেই ঘটনা ভারতের সাথে তৎকালীন বিএনপি সরকারের মধ্যে শীতল সম্পর্কের সূচনা করেছিল। দেশটির তৎকালীন কর্মকর্তারা দাবি করেছিলেন যে ভারতের চাপে পড়েই বিএনপি সরকার সেসব অস্ত্র আটক করে। অন্যথায় সেসব অস্ত্র ভারতের বিচ্ছিন্নতাবাদীদের হাতে যেত।

বিএনপি অবশ্য বরাবরই দাবি করে করে যে সরকার তখন ব্যবস্থা নিয়েছিল বলেই সেসব অস্ত্র আটক করা হয়েছে। সরকার যদি চাইতো তাহলে সেগুলো ভারতের বিচ্ছিন্নতাবাদীদের হাতে যেত। কিন্তু বক্তব্য যাই হোক, অস্ত্র উদ্ধারের ঘটনার পর থেকে বিএনপি সরকারের সাথে ভারতের সম্পর্ক তলানিতে পৌঁছায়। ভারতের কর্মকর্তারা মনে করেন, এতো বড় আকারে না হলেও বিভিন্ন সময় বাংলাদেশের ভেতর দিয়ে ভারতের উত্তর-পূর্বাঞ্চলে অস্ত্র ঢুকেছে। দশ ট্রাক অস্ত্র আটকের বিষয়টি চোখে আঙুল দিয়ে সেটি দেখিয়ে দিয়েছে।

সংবাদমাধ্যমে খবর প্রকাশিত হয় যে সিইউএফএল জেটিতে এসব অস্ত্র খালাস হবার সময় পুলিশ হেডকোয়ার্টারের সহায়তায় সেগুলো আটক করা হয়। উদ্ধার করা আগ্নেয়াস্ত্রের মধ্যে ছিল চীনের তৈরি একে-৪৭ রাইফেল, সেমি অটোমেটিক রাইফেল, রকেট লঞ্চার, রকেট শেল, পিস্তল, হ্যান্ড গ্রেনেড, বিপুল পরিমাণ গুলি ও বিস্ফোরক দ্রব্য। এই অস্ত্র যখন গণনা করা হয় তখন দেখা গেল ১ হাজার ৭৯০টি বিভিন্ন ধরণের অস্ত্র, সাড়ে ১১ লাখ গুলি, সাড়ে ৬ হাজার ম্যাগাজিন, ২৭ হাজার গ্রেনেড এবং ১৫০টি রকেট লঞ্চার।

সেদিন দিবাগত রাত দুইটা থেকে ভোর ছয়টা এ উদ্ধার অভিযানে নেতৃত্ব দেন চট্টগ্রাম মহানগর পুলিশের তৎকালীন ডিসি (পোর্ট) আবদুল্লাহেল বাকি ও এসি (পোর্ট)। প্রায় ত্রিশজন পুলিশের সাথে উদ্ধার অভিযানে অংশ নেয় কোস্টগার্ডের সদস্যরা। অভিযোগ ওঠে কর্ণফুলী থানার তৎকালীন ওসির ভূমিকা নিয়ে। ইউরিয়া সার কারখানা লিমিটেডের জেটিতে চোরাচালানিদের অস্ত্র খালাসের সময় ওসি নিজে উপস্থিত ছিলেন বলে অভিযোগ উঠেছে বলে সংবাদমাধ্যমে বলা হয়।

দশ ট্রাক অস্ত্র উদ্ধারের আগে থেকেই বিএনপি সরকারের সাথে ভারতের সম্পর্ক খুব একটা ভালো যাচ্ছিল না। এর মূলে ছিল নিরাপত্তা ইস্যু। ভারত তাদের উত্তর-পূর্বাঞ্চলের সাতটি রাজ্যের নিরাপত্তা নিয়ে বেশ চিন্তিত ছিল। ভারতের অভিযোগ ছিল দেশটির উত্তর-পূর্বাঞ্চলের বিদ্রোহী গোষ্ঠীগুলোকে মদদ দিচ্ছে বিএনপি সরকার। এমন অবস্থায় দশ ট্রাক অস্ত্র ধরা পড়ে।

তখন ঢাকায় ভারতীয় হাইকমিশনার ছিলেন বীনা সিক্রি। তিনি বিবিসি বাংলাকে বলেন, উত্তর-পূর্ব ভারতের তৎকালীন বিদ্রোহী গোষ্ঠীগুলো বাংলাদেশের ভেতরে বসে নানা কাজকর্ম করছিল। "চট্টগ্রামে যখন বিপুল পরিমাণ অস্ত্র ধরা পড়লো তখন এসব ঘটনার সাথে তৎকালীন সরকারের সম্পৃক্ততার বিষয়টি একেবারে প্রকাশ্যে চলে আসলো," বলেন বীনা সিক্রি। তিনি বলেন এই ঘটনার সাথে সরকারের সম্পৃক্ততার বিষয়টি নিয়ে যত খবর প্রকাশিত হতে থাকলো, ভারত সরকার ততই উদ্বিগ্ন হয়ে উঠলো। বীনা সিক্রি বলেন, এসব অস্ত্র এসেছিল চীন থেকে। চীনের কারখানায় এগুলো তৈরি হয়েছিল। "এসব বিষয় নিয়ে বিএনপি সরকারের কাছ থেকে কোন উত্তর পাওয়া যায়নি। আমরা বিষয়টি বিভিন্ন ফোরামে তুলেছি, আলোচনার চেষ্টা করেছি। কিন্তু কোন উত্তর কখনোই পাওয়া যায়নি," বলেন বীনা সিক্রি।

অস্ত্র আটকের ঘটনাটি যখন ঘটেছিল তখন কলকাতায় বাংলাদেশের ডেপুটি হাইকমিশনার ছিলেন তৌহিদ হোসেন। তিনি বিবিসি বাংলাকে বলেন, ভারত সবসময় চেয়েছে যে আওয়ামী লীগ যাতে ক্ষমতায় ফিরে আসে। তিনি মনে করেন, অস্ত্রের চালানটি যেভাবে ধরা পড়েছিল, ভারত সেভাবেই চেয়েছিল। তিনি উল্লেখ করেন, এই চালানটি বাংলাদেশের ভেতরে ঢোকার জন্য অপেক্ষা করছিল ভারত। "আমরা অনেকটা জানি বা শুনেছি যে ইন্ডিয়ান ইন্টেলিজেন্সের তথ্যের ভিত্তিতে এবং অনেকটাই সময়মত ও সরেজমিনে ইন্টাফিয়ারেন্সের কারণেই আটক করা গেছে। কিন্তু এটা তো অফিসিয়ালি বিষয়টা কোন পক্ষই বলেনি," বলেন তৌহিদ হোসেন।

তবে দশ ট্রাক অস্ত্র উদ্ধারের ঘটনা বিএনপি ও ভারতের মধ্যে সম্পর্ক চূড়ান্ত অবনতির দিকে নিয়েছিল কী না সেটি নিয়ে সংশয় প্রকাশ করেন মি. হোসেন। "আমি মনে করিনা যে ঐ ঘটনাটাই চূড়ান্ত ছিল। এসব ঘটনা সম্পর্ককে এফেক্ট করেছে। কিন্তু মূল বিষয় হচ্ছে তারা চায়নি যে বিএনপি ক্ষমতায় থাকুক। এটা যদি একেবারেই এমন হতো যে সরকারি মদদে পুরোপুরি হচ্ছে তাহলে এরকম ঘটনায় দুজন লোয়ার র‍্যাংকিং পুলিশ অফিসার গিয়ে সেটা আটকে দিল। এটা কি হয়? এটা হয়না। কিন্তু সরকারের ভেতর কেউ কেউ হয়তো জড়িত ছিল। সেটা না হলে ঘটনা এতদূর এগুতে পারতো না," বলেন মি. হোসেন। তৌহিদ হোসেনের ভাষ্য হচ্ছে, "যারা ঘটনাস্থলে গিয়ে অস্ত্র ধরেছে, সম্ভবত ভারতীয় ইন্টেলিজেন্স তাদের আলাদাভাবে ফিট করেছে"।

সেই ঘটনার ২০ বছর পরে এসে বিএনপি নেতারা নতুন করে বিষয়টি নিয়ে আর কোন মন্তব্য করতে রাজি হননি। ২০১৪ সালে নিম্ন আদালতে দশ ট্রাক অস্ত্র মামলার রায়ের পর বিএনপির তরফ থেকে বিষয়টিকে 'প্রহসন ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত' হিসেবে বর্ণনা করা হয়েছিল। বিএনপিকে 'ধ্বংস করার উদ্দেশ্যে' এই রায় দেওয়া হয়েছে বলে ২০১৪ সালে মন্তব্য করেছিলেন বিএনপি নেতা রিজভী আহমেদ। দশ ট্রাক অস্ত্রের চালানটি আটক করার ঘটনা ঘটে বিএনপি সরকারের আমলে এবং তা আটকের পর প্রয়োজনীয় পদক্ষেপগুলোও শুরু হয় বিএনপি সরকারের সময় থেকেই। রিজভী আহমেদ দাবি করেন এই অস্ত্র মামলার বিচার শুরু করতে গেলে তার আগে যেসব বিচারিক প্রক্রিয়াগুলোর প্রয়োজন তা তাদের শাসনামলেই শুরু হয়েছিল।

এই ঘটনার পর তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী লুৎফুজ্জমান বাবর বলেছিলেন, চট্টগ্রামে আটককৃত ১০ ট্রাক অস্ত্র ও গোলাবারুদ দেশের অভ্যন্তরে ব্যবহার এবং নাশকতার জন্য আনা হয়েছে। আওয়ামী লীগের কথা সরাসরি উল্লেখ না করে তৎকালীন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, "৩০শে এপ্রিলের মধ্যে তারা যেহেতু এ সরকারের পতন ঘটাবে বলেছে তাতে এ বিষয়টি উড়িয়ে দেয়া যায় না।"

অন্যদিকে তৎকালীন বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা অস্ত্র আটকের ঘটনায় আন্তর্জাতিক তদন্ত দাবি করেন। শেখ হাসিনা বলেন, সরকার যদি আন্তর্জাতিক তদন্তের মাধ্যমে অবৈধ অস্ত্রের রহস্য উদঘাটন না করে তাহলে প্রমাণিত হবে এর সঙ্গে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী ও প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টা জড়িত। জাতীয় পার্টির চেয়ারম্যান এইচএম এরশাদ ঘটনাটিকে রহস্যপূর্ণ হিসেবে অভিহিত করেন। তিনি বলেন, সরকারের কোন অথরিটির যোগসাজশ ছাড়া এত বড় চালান দেশে আনা সম্ভব নয়।

অস্ত্র উদ্ধারের ঘটনায় বিভিন্ন সংবাদমাধ্যমে নানা খবরা-খবর প্রকাশিত হতে থাকে। ঘটনার একদিন পরে দৈনিক যুগান্তর শিরোনাম করে – হাজার কোটি টাকার অস্ত্র: গন্তব্য কোথায়? "চট্টগ্রামে ১০ ট্রাক অস্ত্র ও গোলাবারুদ আটকের ঘটনায় সমগ্র জাতি স্তব্ধ। কারা এনেছে এত অস্ত্র? অস্ত্র চালানের গন্তব্য কোথায়? সারাদেশে মুখে মুখে অস্ত্র আটকের খবর। দেশের অভ্যন্তরে নাশকতার জন্য নাকি এ অস্ত্র উলফারে কাছে পাঠানোর জন্য আনা হয়েছিল?" এসব নানা প্রশ্ন তোলা হয় দৈনিক যুগান্তরের একটি প্রতিবেদনে।

ঘটনার দুদিন পরে দৈনিক প্রথম আলো পত্রিকার একটি প্রতিবেদনে বলা হয়েছে, অস্ত্র নামছিল পুলিশ পাহারায়। সে প্রতিবেদনে আরো বলা হয়, সিইউএফএল জেটিতে স্থানীয় থানা পুলিশের উপস্থিতিতেই চোরাচালানিরা মাছ ধরার ট্রলার থেকে অবৈধ অস্ত্র ও গোলাবারুদ খালাস করছিল। জেটিতে কর্তব্যরত আনসার সদস্য ও সিইউএফএল ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছ থেকে খবর পেয়ে পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাদের তৎপরতায় দেশের ইতিহাসে বৃহত্তম অস্ত্র ও গোলাবারুদের অবৈধ চালানটি ধরা পড়ে।

এমন অবস্থায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে একটি প্রেসনোট জারি করা হয়। সেখানে বলা হয়েছিল, 'অস্ত্র ও গোলাবারুদ উদ্ধারের ব্যাপারে বাংলাদেশি সংবাদপত্রে প্রকাশিত কিছু অনুমান-নির্ভর প্রতিবেদনের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সরকার মনে করে, তদন্ত চলার সময় বিষয়টির ব্যাপারে গণমাধ্যমে অনুমান-নির্ভর প্রতিবেদন প্রকাশিত হলে তা জনমনে বিভ্রান্তি ও ভুল বোঝাবুঝির সৃষ্টি করবে। বিষয়টি তদন্তের জন্য সরকার ইতোমধ্যেই স্বরাষ্ট্র সচিবের নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন তদন্ত কমিটি গঠন করেছে এবং এ ব্যাপারে জোর অনুসন্ধান চলছে'।

বিরোধী দলের পক্ষ থেকে যখন আন্তর্জাতিক তদন্তের দাবি তোলা হয় তখন বিএনপির তৎকালীন মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী আব্দুল মান্নান ভুঁইয়া বিবিসি বাংলাকে বলেন, অস্ত্র উদ্ধারের ঘটনায় প্রয়োজনে আন্তর্জাতিক তদন্ত করা হবে। প্রকৃতপক্ষে, মান্নান ভুঁইয়ার সে বক্তব্য ছিল অনেকটা কথার কথা। সরকার কখনোই আন্তর্জাতিক তদন্তের বিষয়টি চিন্তা করেনি এবং সেটি হয়নি। স্বরাষ্ট্র সচিবের নেতৃত্বে সরকার যে তদন্ত কমিটি গঠন করেছিল সেখানে আরো ছিলেন ডিজিএফআই'র তৎকালীন প্রধান ব্রিগেডিয়ার রেজ্জাকুল হায়দার, এনএসআই প্রধান ব্রিগেডিয়ার এনামুর রহমান। অস্ত্র উদ্ধারের ঘটনায় নানাদিক নিয়ে বিভিন্ন পত্রিকায় হরেক রকমের প্রতিবেদন প্রকাশিত হতে থাকে।

সংবাদমাধ্যমের ভূমিকা নিয়ে সরকার স্পষ্টতই অস্বস্তিতে ছিল। সেটির প্রতিফলনও দেখা যায় পরবর্তীতে। ঘটনার কয়েকদিন পরে তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়া সাংবাদিকদের একটি অনুষ্ঠানে গিয়ে বলেন, দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ করে এমন ছবি ও সংবাদ ছাপাবেন না। "নেতিবাচক সংবাদ প্রকাশ করলে দেশের ক্ষতি ছাড়াও সাংবাদিক মহলের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়," বলেন খালেদা জিয়া।

অস্ত্র উদ্ধারের পরদিন ভারতের আসাম ট্রিবিউন পত্রিকায় বলা হয় – এই অস্ত্র উলফার। দিল্লি-ভিত্তিক সূত্রের বরাত দিয়ে পত্রিকাটি বলেছিল, কিছুদিন আগে ভুটানে পরিচালিত অপারেশন অল ক্লিয়ার উলফার অস্ত্রভাণ্ডারকে পুরোপুরি ধ্বংস করে দেয়। সেই অভিযানের পর থেকেই উলফা অস্ত্র সংগ্রহের জন্য মরিয়া হয়ে উঠে। ভারতের আরেকটি ইংরেজি দৈনিক দ্য টেলিগ্রাফের প্রতিবেদনে বলা হয়েছে, চট্টগ্রামে বিপুল অস্ত্র উদ্ধারের ঘটনায় ভারত নড়েচড়ে বসে ভাবতে শুরু করেছে, এই মারণাস্ত্রের গন্তব্য সে নিজেই কিনা।

ঘটনার কয়েকদিন পরে ভারতের আসাম রাজ্যের তৎকালীন মুখ্যমন্ত্রী তরুণ গোগই বিবিসি বাংলাকে দেয়া এক সাক্ষাৎকারে বলেন, চট্টগ্রামে যে অস্ত্র আটক করা হয়েছে সেগুলো সম্ভবত আসামের বিচ্ছিন্নতাবাদী সংগঠন উলফার নামে পাঠানো হয়েছিল। গোয়েন্দা সূত্রে তিনি এ কথা জানতে পেরেছেন। "পশ্চিম ভুটানে উলফা গেরিলারা গত

ডিসেম্বর-জানুয়ারি মাসে যে ধাক্কা খেয়েছে এবং যে পরিমাণ অস্ত্র তাদের হারাতে হয়েছে তা পূরণের জন্যই সম্ভবত এ অস্ত্র আনা হচ্ছিল," বলেন আসামের মুখ্যমন্ত্রী। বাংলাদেশের অস্ত্রের চালান ধরা পড়ায় তিনি বাংলাদেশ সরকারকে ধন্যবাদ দেন।

অস্ত্র উদ্ধারের পর টেলিগ্রাফ পত্রিকায় ত্রিপুরা পুলিশের তৎকালীন মহাপরিচালক জিএন শ্রীবাস্তবকে উদ্ধৃত তরে একটি রিপোর্টে বলা হয়েছে, 'ভারতের প্রতি বন্ধু-ভাবাপন্ন'লোকদের দেয়া তথ্যের ভিত্তিতেই বাংলাদেশ কর্তৃপক্ষ অস্ত্রের বৃহত্তম চালানটি আটকে সক্ষম হয়েছে। সে পুলিশ কর্মকর্তা বলেন, তাদের কাছে সুনির্দিষ্ট তথ্য রয়েছে যে অস্ত্রের চালানটি উত্তর-পূর্ব ভারতের বিচ্ছিন্নতাবাদী গ্রুপগুলোর মধ্যে বিতরণের জন্য আসছিল।

ভারতের ডিফেন্স ইন্টেলিজেন্স এজেন্সির সাবেক উপ-মহাপরিচালক মেজর জেনারেল (অব.) গঞ্জিত সিং ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে ভারতের ইন্ডিয়া টুডেকে একটি সাক্ষাৎকার দিয়েছিলেন। সেখানে তিনি বলেন, সেই ১০ ট্রাক অস্ত্র শুধু উলফার জন্য আনা হয়নি। ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোতে আরো যারা বিচ্ছিন্নতাবাদী সংগঠন ছিল তাদের জন্যও এটি আনা হয়েছিল। ভারতীয় সংবাদমাধ্যম ইন্ডিয়া টুডের ভাষ্য হচ্ছে – উলফার তৎকালীন কমান্ডার-ইন-চিফ পরেশ বড়ুয়া এসব অস্ত্র আনার পেছনে মূল ভূমিকা পালন করেছেন। তার লক্ষ্য ছিল আসামে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন জোরদার করা। মেজর জেনারেল (অব.) গঞ্জিত সিং ইন্ডিয়া টুডেকে বলেছেন, বাংলাদেশের সামরিক গোয়েন্দা সংস্থা-ডিজিএফআই এবং জাতীয় নিরাপত্তা সংস্থা-এনএসআই'র সাথে সমন্বয়ের ভিত্তিতে কাজ করেছিল পরেশ বড়ুয়া।

ইন্ডিয়া টুডের প্রতিবেদনে বলা হয়, ২০০৪ সালে গঞ্জিত সিং এসব অস্ত্রের গতিবিধি পর্যবেক্ষণের দায়িত্বে ছিলেন। চীনের দক্ষিণাঞ্চলের বিহাইস বন্দরে থেকে বাংলাদেশের চট্টগ্রামে অস্ত্র-ভর্তি এই জাহাজটির কীভাবে এবং কোন পথে আসছিল সেটির ওপর গোয়েন্দা নজর রাখছিলেন মি. সিং। "চট্টগ্রামের জিইসি মোড়ের একটি হোটেল থেকে কাজ করছিলেন পরেশ বড়ুয়া। তার কাছাকাছি ডিজিএফআইয়ের কর্মকর্তারাও ছিল। এসব অস্ত্র চট্টগ্রামের সিইউএফএল জেটিতে পৌঁছানোর সব খবর আমাদের কাছে ছিল।" মি. সিং বলেন, জাহাজটি সিইউএফএল জেটিতে আসার পর তাদের ভারতের গোয়েন্দা সংস্থার লোকজন চট্টগ্রাম মহানগর পুলিশকে বিষয়টি অবহিত করে।

"চট্টগ্রামের পুলিশ ভেবেছিল এসব অস্ত্র আওয়ামী লীগকে সহায়তার জন্য ভারত থেকে এসেছে। কারণ, আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আব্দুল জলিল তখন সরকার হঠানোর জন্য এপ্রিল মাসের ৩০ তারিখে একটি ডেডলাইন দিয়েছিলেন।" ১০ ট্রাক অস্ত্র ও গোলাবারুদ আটক করার ওই ঘটনায় কর্ণফুলী থানা পুলিশ বাদী হয়ে অস্ত্র ও চোরাচালান আইনে দুটি মামলা করে। ঘটনা তদন্তের পর তৎকালীন তদন্ত কর্মকর্তা দায়সারা গোছের একটি অভিযোগপত্র দাখিল করার পর বিগত তত্ত্বাবধায়ক সরকারের আমলে এই মামলার অধিকতর তদন্ত শুরু হয়।

অস্ত্রের বিশাল একটি চালান আটকের ঘটনায় সম্পৃক্ততার দায়ে চট্টগ্রামের একটি আদালত ২০১৪ সালের জানুয়ারি মাসে বিএনপির নেতৃত্বে জোট সরকারের শিল্পমন্ত্রী ও জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামী এবং স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপি নেতা লুৎফুজ্জামান বাবর এবং দুটি গোয়েন্দা সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাসহ ১৪জনকে ফাঁসির আদেশ দেয়। চট্টগ্রামের বিশেষ আদালত ভারতের বিচ্ছিন্নতাবাদী সংগঠন আলফার সামরিক কমান্ডার পরেশ বড়ুয়াকেও ওই মামলায় ফাঁসির আদেশ দিয়েছিল। (বিবিসি ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ রিহাব)

## বুয়েটে ছাত্ররাজনীতিতে বাধা নেই, হাইকোর্টের আদেশ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্ররাজনীতি নিষিদ্ধ করে যে প্রজ্ঞাপনটি জারি করা হয়েছিল, সেটি স্থগিত করে দিয়েছে হাইকোর্ট। এর ফলে বুয়েটে ছাত্ররাজনীতি করতে আর কোন বাধা থাকছে না। বিশ্ববিদ্যালয়ের ওই প্রজ্ঞাপনের বিরুদ্ধে এক বুয়েট শিক্ষার্থী ছাত্রলীগ নেতা সোমবার সকালে হাইকোর্টে রিট করলে দুপুরে শুনানি শেষে এই আদেশ দেয়া হয়। ইমতিয়াজ হোসেন রহিম রাব্বির করা রিটের শুনানি শেষে বিচারপতি মোঃ খসরুজ্জামান ও বিচারপতি কে এম জাহিদ সারওয়ার কাজলের সমন্বয়ে হাইকোর্ট বেঞ্চ এই রায় দেন।

রিটকারীর আইনজীবী শাহ মঞ্জুরুল হক সাংবাদিকদের বলেন, 'সমাবেশ করা, রাজনৈতিক দল করা, বাকস্বাধীনতার অধিকার আমাদের সংবিধানে দেয়া আছে। সেই সঙ্গে অর্ডিন্যান্সে বলা আছে, যদি প্রয়োজন হলে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও প্রশাসন কিছু ব্যবস্থা নিতে পারবে। যেমন মিছিল-মিটিং নিয়ন্ত্রণ করতে পারবে। কিন্তু সংগঠন বন্ধ করার কোন ক্ষমতা বুয়েটের নেই, সংবিধানেও নেই। আমরা আজকে রিট করে হিয়ারিং করেছি। মাননীয় আদালত এটার ওপর রুল দিয়েছেন। মাননীয় আদালত বুয়েটের সেই ইমার্জেন্সি সার্কুলার স্থগিত করে দিয়েছেন। বুয়েটে এখন থেকে ছাত্ররাজনীতি করার আর কোন বাধা থাকলো না।'ওই রিটে বাংলাদেশের শিক্ষা সচিব, বুয়েটের উপাচার্যসহ সংশ্লিষ্টদের বিবাদী করা হয়েছিল। এই আদেশের প্রতিক্রিয়ায় বুয়েটের উপাচার্য সত্য প্রসাদ মজুমদার বলেছেন, 'কোর্ট যা বলে, সেটা আমাদের মানতে হবে। কোর্টের আদেশ আমাদের শিরোধার্য। তবে সেটা করতে গেলে আমাদের আইনি প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে।'

২০১৯ সালের সাতই অক্টোবর বুয়েটের শিক্ষার্থী আবরার ফাহাদকে শেরেবাংলা হলের একটি কক্ষে ডেকে নিয়ে পিটিয়ে হত্যা করে ছাত্রলীগের নেতা-কর্মীরা। সেই হত্যাকাণ্ডের পর ছাত্ররাজনীতি বন্ধের দাবি ওঠে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে। সেই প্রেক্ষাপটে বিশ্ববিদ্যালয়টিতে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করা হয়। কিন্তু গত ২৮শে মার্চ দিবাগত রাতে ছাত্রলীগের সভাপতিসহ কয়েকজন নেতা বুয়েটে প্রবেশ করে একটি অনুষ্ঠানে অংশ নিলে বিক্ষুব্ধ হয়ে ওঠেন সাধারণ

শিক্ষার্থীরা। এরপর থেকেই তারা ক্লাস ও পরীক্ষা বর্জন করে ক্যাম্পাসে আবার রাজনীতি ফিরিয়ে আনার চেষ্টার বিরুদ্ধে প্রতিবাদ করতে শুরু করে।

শনিবার শিক্ষার্থীরা বলেন, "আমরা শপথ করছি সকল রাজনৈতিক ও নিষিদ্ধ সংগঠন থেকে বুয়েটকে মুক্ত রাখার। আমরা আবরার ফাহাদ ভাইয়ের রক্ত বৃথা যেতে দিব না। ক্যাম্পাসের রাজনীতি মুক্ত থাকা, অপশক্তির কবল থেকে মুক্ত থাকা এবং নিরাপত্তার নিশ্চয়তা পেলে আমরা সকল ব্যাচের শিক্ষার্থী অনতিবিলম্বে আমাদের একাডেমিক কার্যক্রমে ফেরত যাবো", সাংবাদিকদের বলেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। এর সাথে জড়িত ইমতিয়াজ হোসেন রাব্বিসহ অন্যদের বুয়েট থেকে স্থায়ী বহিষ্কার করা সহ ছয় দফা দাবিতে আন্দোলন শুরু করে। শিক্ষার্থীদের আন্দোলনের মুখে ওই শিক্ষার্থীর হলের সিটও বাতিল করে দেয়া হয়।

সেই শিক্ষার্থী ইমতিয়াজ রাব্বিই সোমবার সকালে বুয়েটের ছাত্ররাজনীতি নিষিদ্ধের বিরুদ্ধে হাইকোর্টে রিট করেন। এর আগে সংগঠনটির সভাপতি সাদ্দাম হোসেন বলেছিলেন, দাবি আদায়ে প্রয়োজনে তারা আদালত পর্যন্ত যাবেন। "আদালত এবং রাজপথ দুই জায়গাতেই ছাত্রলীগ একই সাথে লড়বে। নিয়মতান্ত্রিক ছাত্র রাজনীতি প্রতিষ্ঠার মাধ্যমেই বাংলাদেশ ছাত্রলীগ বুয়েটে তাদের সাংগঠনিক কার্যক্রম আবারও শুরু করবে", রোববার বিবিসি বাংলাকে বলেন মি. হোসেন।

অন্যদিকে নাম প্রকাশে অনিচ্ছুক সাধারণ শিক্ষার্থীরা দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছিলেন। বুয়েট শিক্ষার্থীদের আন্দোলন প্রসঙ্গে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের রোববার বলেছিলেন, 'আমি রাজনীতি করি, সে জন্য বুয়েটে আমি যেতে পারব না? এটা কোন ধরনের আইন?...ছাত্র রাজনীতি বন্ধ করার নামে বুয়েটকে একটা অপরাজনীতি-জঙ্গিবাদের কারখানায় রূপান্তরিত করা হবে, পরিণত করা হবে—এটা যাতে না হয়। আমরা তদন্ত করে দেখছি, এ ধরনের কিছু পাওয়া গেলে সরকারকে অ্যাকশনে যেতে হবে।'

অন্যদিকে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল শিক্ষার্থীদের বিক্ষোভ প্রসঙ্গে ঢাকায় একটি অনুষ্ঠানে শনিবার মন্তব্য করেছেন, "পেছন থেকে কেউ ইঙ্গিত দিচ্ছে কি না, পেছন থেকে জঙ্গিবাদী মানসিকতার-উগ্রবাদী মানসিকতার কেউ কি ইঙ্গিত দিচ্ছে কি না, সেটা অবশ্যই খতিয়ে দেখতে হবে। কারণ এই আলোচনাটা বারবার আসছে।" তবে আন্দোলনরত শিক্ষার্থীরা বারবার বলেছেন তাদের সাথে কোন রাজনৈতিক দল বা সংগঠনের সংশ্লিষ্টতা নেই। দাবি আদায়ের লক্ষ্যে তারা ক্লাস এবং পরীক্ষাও বর্জন করে যাচ্ছেন। (বিবিসি ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ রিহাব)

## বাংলাদেশের সিলেটের শিলাবৃষ্টির আকার কি অস্বাভাবিক?

সিলেটে রোববার কালবৈশাখী ঝড়ের সাথে যে আকারের শিলাবৃষ্টি হয়েছে তা নিয়ে আলোচনা চলছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। সিলেটের বাসিন্দাদের দাবি এতো বড় আকারের শিলাবৃষ্টি খুব কমই দেখেছেন তারা। তবে, আবহাওয়াবিদরা বলছেন, মার্চ থেকে মে মাস পর্যন্ত এই মৌসুমে এ ধরনের শিলাবৃষ্টি স্বাভাবিক। হাফ ইঞ্চি ডায়ামিটারের শিলার আকারও স্বাভাবিক বলে মনে করছেন তারা। কিন্তু শিলার আকার ছোট - বড় হওয়া কিসের উপর নির্ভর করে?" গত ১৫ বছরে সিলেটে এরকম শিলাবৃষ্টি দেখিনি, এতো বড় আকারের শিলা এখানকার স্থানীয় বাসিন্দারা ও দেখেননি" বলছিলেন সিলেট উপশহরের বাসিন্দা আমিনুল ইসলাম পলাশ। রোববার রাত আনুমানিক দশটা পাঁচ মিনিট থেকে প্রায় আধা ঘন্টাব্যাপী হওয়া কালবৈশাখী ঝড়ের কথা এভাবেই বর্ণনা করেন মি. ইসলাম।

সিলেট বিমানবন্দরের কাছেই 'এইট ইলেভেন ' নামে একটি রোডসাইড ক্যাফের কর্ণধার তিনি। নিজের প্রতিষ্ঠানের ক্ষয়ক্ষতির কথা বলতে গিয়ে বিবিসি বাংলাকে মি. ইসলাম বলেন, "এই শিলাবৃষ্টিতে আমার রেস্টুরেন্ট মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। টিনের চাল ভেদ করে শিলা ভেতরে ঢুকে গেছে। চাল সবগুলো নষ্ট হয়েছে। রেস্টুরেন্টের বাইরে থাকা প্লাস্টিকের চেয়ার, টেবিল সব ফুটো হয়ে গেছে" সিলেটে অনেক বাসাবাড়ির জানালার কাচ, গাড়ির কাচ ভেঙ্গে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানান সিলেটের বাসিন্দারা। মি. ইসলাম জানান, "রেস্টুরেন্টের সামনে আমার দুইটা গাড়ি পার্কিং করা ছিলো। একটার উইন্ডশিল্ড ভাঙছে এবং আরেকটার লুকিং গ্লাস ভেঙ্গে গেছে "।

এছাড়াও এয়ারপোর্টের সামনে অনেকগুলো পার্কিং করা গাড়ির কাচ ভেঙ্গে গেছে। কেউই হঠাৎ আসা কালবৈশাখী ঝড়ের সময় গাড়ি সরাতে সময় পায় নি"। সিলেটের কোন কোন বাসিন্দা রোববারের এই শিলার ওজন ও পরিমাপ করেছেন। মি. ইসলাম জানান, "ওয়েট স্কেলে প্রায় ২০০ গ্রামের মতো সাইজ ছিলো এই শিলার। অনেক পাখিও মারা গেছে"। সিলেটের কোন কোন এলাকায় এখনও বিদ্যুৎ ও নেই বলে জানান বাসিন্দারা। "কাল রাত থেকেই বিদ্যুৎ ছিলো না। সকালে বিদ্যুৎ আসলেও বারবারই চলে যাচ্ছে " বলেন মি. ইসলাম।

সিলেটের প্রধান প্রকৌশলী মোহাম্মদ আবদুল কাদির বিবিসি বাংলাকে বলেন, " সকাল থেকেই প্রায় ৯৮ শতাংশ গ্রাহক বিদ্যুৎ পাচ্ছে। এরই মধ্যে চালু হয়েছে। কিছু এলাকাতে লোডশেডিং চলছে আবার কিছু এলাকায় এখনো লাইন বন্ধ রয়েছে"। তবে, পুরোপুরি চালু করতে আরো কিছু সময় লাগবে বলে জানান মি. কাদির। "সুনামগঞ্জে একটা ট্রান্সফর্মারে সমস্যা হয়েছে, সেখানে বিকল্প ব্যবস্থায় চালু করে বিদ্যুতের ব্যবস্থা করা হয়েছে " বলে জানান মি. কাদির। সুনামগঞ্জের শান্তিনগর উপজেলাতেও কালবৈশাখী ঝড়ের সাথে শিলাবৃষ্টি হয়েছে বলে জানা যায়। সাধারণভাবে বলা হয়ে থাকে, আকাশে যখন মেঘের পরিমাণ অনেক বেশি হয় বা মেঘ অনেক বেশি ভারি হয়ে ওঠে, তখন বৃষ্টির সময়

আকাশ থেকে বরফের টুকরা বা মেঘের কণা পড়ে থাকে একেই শিলাবৃষ্টি বলা হয়ে থাকে। যুক্তরাষ্ট্রের ন্যাশনাল সিভিয়ার স্টর্মস ল্যাবরেটরির ওয়েবসাইটে শিলাবৃষ্টি সম্পর্কে বলা হয়েছে, শিলাবৃষ্টি হল কঠিন বরফের সমন্বয়ে এক প্রকার বৃষ্টিপাত। যা বজ্র-ঝড়ের উর্ধ্বমুখী স্রোতের ভেতরে তৈরি হয়।

আবহাওয়াবিদরা বলছেন, চৈত্রের শেষ ও বৈশাখের শুরুতে দক্ষিণ-পশ্চিম দিকে বঙ্গোপসাগর থেকে আসা বায়ুর প্রভাবে কালবৈশাখী হয়। তখন বাতাসে এক ধরনের উর্ধ্বমুখী চাপ সৃষ্টি হয়। সে কারণেই কালবৈশাখী ঝড় হয়। আর এর বৈশিষ্ট্যের মধ্যে দমকা হাওয়া, বৃষ্টি, শিলাবৃষ্টি ও বজ্রপাত রয়েছে। এই কালবৈশাখী ঝড়ের বৈশিষ্ট্যের জন্যই শিলা বৃষ্টি হয়। যুক্তরাষ্ট্রের ওই ওয়েবসাইটে আরো বলা হয়েছে, বাড়িঘর, গাড়ি এমনকি মানুষের মৃত্যুর কারণ ও হতে পারে শিলাবৃষ্টি। যখন বৃষ্টির ফোঁটা বজ্রঝড়ের মাধ্যমে বায়ুমণ্ডলের অত্যন্ত ঠাণ্ডা জায়গায় উর্ধ্বমুখী হয় এবং জমাট বাঁধে তখন শিলাবৃষ্টি তৈরি হয়। শিলা কিভাবে তৈরি হয় এ সম্পর্কে এভাবেই যুক্তরাষ্ট্রের ন্যাশনাল স্টর্মস ল্যাবরেটরির ওয়েবসাইটে বর্ণনা করা হয়েছে। আবহাওয়া বিশেষজ্ঞরা বলছেন, শিলাবৃষ্টির প্রধান শর্ত প্রচণ্ড গরম। বাংলাদেশে চৈত্র-বৈশাখ মাসে এ রকম গরম পড়ে। ফলে মার্চ থেকে মে মাসের মধ্যে যে কালবৈশাখী ঝড় হয় তখন স্বাভাবিকভাবেই শিলাবৃষ্টি হয়।

এ সময় ভূ-পৃষ্ঠ সংলগ্ন বায়ুমণ্ডলের কোথাও কোথাও ৩৪ থেকে ৩৫ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা থাকে। ওই সময় সমুদ্রপৃষ্ঠ থেকে দখিনা বাতাস আসতে পারে। তার সঙ্গে যোগ হয় বিহার এবং পশ্চিমবঙ্গের তাপীয় লঘুচাপ। একইসাথে বঙ্গোপসাগর থেকে আসা জলীয় বাষ্পে পূর্ণ আর্দ্র বাতাস যুক্ত হয়। এই দুটির সাথে বিভিন্ন অঞ্চল থেকে আসা অপেক্ষাকৃত শীতল বাতাসের সংমিশ্রণে মেঘমালা তৈরি হয়। এগুলো ভূ-পৃষ্ঠের তিন কিলোমিটার উপর থেকে আরো ১৮ থেকে ২২ কিলোমিটার পর্যন্ত উপরে উঠে যায়। জলীয় বাষ্প উপরে উঠে আরো ঠাণ্ডা হয়ে যায় এবং ছোট ছোট বরফ কণায় পরিণত হয়। এই ছোট ছোট বরফ কণা আশে পাশের আরও বরফ খণ্ডের সঙ্গে যুক্ত হয় এবং শিলা খণ্ডে পরিণত হয়। শিলা খণ্ড যখন বেশি ভারি হয়ে যায় তখন এর ওজনকে আর বায়ুমণ্ডল ধরে রাখতে পারে না। তখন এগুলো শিলাবৃষ্টি আকারে ভূ - পৃষ্ঠে নেমে আসে।

রোববার সিলেট ও সুনামগঞ্জে যে শিলাবৃষ্টি হয়েছে তা খুব বেশি বড় নয় বলে জানান আবহাওয়াবিদরা। আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক সিলেটে যে আকারের শিলাবৃষ্টি হয়েছে তা স্বাভাবিক বলে মনে করছেন। তিনি বিবিসি বাংলাকে বলেন, " এর আগে ২০১৫ সালে সাতক্ষীরায় শিলাবৃষ্টিতে পাঁচ হাজার পাখি মারা গেছে। আমাদের আরো অনেক রেকর্ড আছে "। "সাধারণত হাফ ইঞ্চি পর্যন্ত হয় শিলাবৃষ্টির সাইজ। সাধারণত এক থেকে একশ গ্রাম পর্যন্ত হয় এর আকার" জানিয়ে সিলেটের শিলাবৃষ্টি স্বাভাবিক আকারের বলে মনে করছেন মি. মল্লিক।

বাংলাদেশে বিশেষ করে নওগাঁ, সাতক্ষীরা, রংপুর, রাজশাহী, দিনাজপুর, ময়মনসিংহ, সিলেট, চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট,মাদারীপুর, ফরিদপুর, ঢাকা এসব এলাকায় মার্চ, এপ্রিল, মে মাসে এমনকি জুন – জুলাই মাসেও বজ্রমেঘ তৈরি হয়ে শিলাবৃষ্টি হয় বলে জানান মি. মল্লিক।

সিলেট বিভাগের সহকারী আবহাওয়াবিদ শাহ মো. সজিব হোসাইন বিবিসি বাংলাকে বলেন, "শিলা বৃষ্টির সাইজ যে কোন আকারের হতে পারে। এর চেয়ে বড় শিলাবৃষ্টিও হয়। রোববার হাফ ইঞ্চি ব্যাসার্ধে এক ইঞ্চি বৃত্ত আকারের শিলা রেকর্ড করা হয়েছে "। তিনি বলেন, "মার্চ, এপ্রিল, মে এই সিজনে এ রকম হয়"। "সিলেট অঞ্চলে বেশি হয় কারণ পাহাড় অধ্যুষিত এলাকা। এ ধরণের এলাকায় উত্তর পশ্চিম থেকে যখন মেঘগুলো আসে তখন পাহাড়ি বাতাস ও অঞ্চলের সাথে সমন্বয় ঘটে শিলাবৃষ্টি বা বজ্রপাতের প্রবণতা এ অঞ্চলে বেড়ে যায়" বলেন মি. হোসাইন।

এই আবহাওয়াবিদ জানান, মার্চ মাস থেকে মে এই তিন মাসকে প্রাক-মৌসুম বলা হয়। এই তিন মাস একই রকমের আবহাওয়ার পূর্বাভাস করা হয়। "আবহাওয়ার পূর্বাভাস এই তিন মাস এই রকমই থাকতে পারে। সেটা বিক্ষিপ্তভাবে, অনবরত না। বিক্ষিপ্তভাবে দুই একদিন পর পর থেমে থেমে এই রকমই হতে পারে" বলেন মি. সজিব হোসাইন। " যখন হবে কাছাকাছি, হয়তোবা শিলা হতেও পারে নাও হতে পারে। এই প্যাটার্নই মে মাস পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে ফিক্সড করা প্যাটার্ন" জানান মি. হোসাইন।

আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক জানান, "হিমাঙ্ক থেকে মাইনাস ৮০ ডিগ্রী পর্যন্ত যেসব শিলাকণা তৈরি হয়, তার সাইজ যদি ক্লাউড টপ থেকে নিচের দিকে ধাবিত হয় হিমাঙ্ক রেখা বরাবর তখন ওই শিলার সাইজ বড় হয়। কারণ তাপমাত্রা নেগেটিভ"। "আবার হিমাঙ্ক রেখা পার হওয়ার পর শিলাবৃষ্টির সাইজ ছোট হতে থাকে। কোন কোন সময় ছোট ছোট হতে হতে বায়ুমণ্ডলেই বিলীন হয়ে যায়। অর্থাৎ ভূ–পৃষ্ঠে পড়ে না" বলেন মি. মল্লিক।

হিমাঙ্ক রেখা হলো যেখান থেকে বাতাসের তাপমাত্রা শূন্য ডিগ্রি সেলসিয়াস বা তার নিচে নেমে যায়। ক্লাউড টপ হলো মেঘের দৃশ্যমান অংশের সর্বোচ্চ উচ্চতা। রোববার আবহাওয়া অধিদপ্তর ৭২ ঘণ্টার পূর্বাভাস দিয়েছে। এতে বলা হয়েছে, পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও এর আশেপাশের এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

সোমবার ময়মনসিংহ, চট্টগ্রাম, সিলেট বিভাগের দু'এক জায়গায় ঝড়ো হাওয়াসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে। এদিন দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে বলে পূর্বাভাস আবহাওয়া অধিদপ্তরের। এছাড়া

মঙ্গলবার ও ময়মনসিংহ, চট্টগ্রাম, সিলেট এই তিন বিভাগের দু'এক জায়গায় ঝড়ো হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। দেশের অন্যান্য জায়গায় আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে। অধিদপ্তর বলছে, এ দিন সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে। (বিবিসি ওয়েব পেজ:০১.০৪.২০২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনে ইন্দোনেশিয়া ও আইওএমের সহযোগিতা চেয়েছে বাংলাদেশ

মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গা নাগরিকদের, তাদের স্বদেশে দ্রুত প্রত্যাবাসনে, ইন্দোনেশিয়া ও আইওএম-এর প্রতি সহযোগিতার আহবান জানিয়েছে বাংলাদেশ। সোমবার (১ এপ্রিল) পররাষ্ট্র মন্ত্রণালয়ে, বাংলাদেশে নিযুক্ত ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত হেরু হারতান্তো সুবোলো এবং আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) মিশন প্রধান আব্দুসাত্তর ইসোয়েভ, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে পৃথকভাবে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় পররাষ্ট্রমন্ত্রী এ তাদের প্রতি এই আহবান জানান। বৈঠকে ইন্দোনেশিয়া ও বাংলাদেশের পারস্পরিক স্বার্থের বিষয়গুলো গুরুত্ব পায়।

দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদার করার অঙ্গীকার করেন ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত ও বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। বাংলাদেশ ও ইন্দোনেশিয়া, উভয় দেশের সাম্প্রতিক জাতীয় নির্বাচনের কথা উল্লেখ করেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। তিনি ইন্দোনেশিয়ায় জাতীয় নির্বাচন সফলভাবে অনুষ্ঠিত হওয়ায় আনন্দ প্রকাশ করেন এবং দেশটির নেতৃত্ব-কে শুভেচ্ছা জানান। হাছান মাহমুদ দুই দেশের মধ্যে বাণিজ্যের উচ্চ সম্ভাবনার কথা উল্লেখ করেন। তিনি বাংলাদেশে পাম অয়েল শোধনাগার এবং পণ্যের বাজার প্রতিষ্ঠায় ইন্দোনেশিয়ার বিনিয়োগকে স্বাগত জানান। বাংলাদেশে ১০০টি অর্থনৈতিক অঞ্চল বিনিয়োগের জন্য প্রস্তুত রয়েছে বলে উল্লেখ করেন তিনি।

বৈঠকে হাছান মাহমুদ জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমারের নাগরিকদের মিয়ানমারে তাদের স্বদেশে দ্রুত প্রত্যাবাসনের সুবিধার্থে আরো সক্রিয় ভূমিকা পালনের জন্য ইন্দোনেশিয়া ও আসিয়ানের প্রতি আহবান জানান। পৃথক সাক্ষাতে, বাংলাদেশের সঙ্গে আইওএমের কার্যক্রমের বিবরণ-সংক্ষেপ তুলে ধরেন সংস্থার মিশন প্রধান আব্দুসাত্তর ইসোয়েভ। এ সময় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী আইওএমকে ধন্যবাদ জানান এবং বাস্তুচ্যুত মিয়ানমারের নাগরিকদের মিয়ানমারে তাদের স্বদেশে দ্রুত প্রত্যাবাসনে সহায়তা কামনা করেন। তিনি বলেন, তাদের দ্রুত প্রত্যাবাসন এই সমস্যা সমাধানের একমাত্র পথ। পাশাপাশি ক্লাইমেট মাইগ্রান্টস বা জলবায়ু পরিবর্তনের কারণে স্থানচ্যুতদের বিষয়ে আইওএমের দৃষ্টি আকর্ষণ করেন হাছান মাহমুদ। এসব বিষয়ে জোর তৎপরতা অব্যাহত থাকবে বলে আশ্বাস দেন আইওএম মিশন প্রধান। (ভোয়া ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ এলিনা)

## চট্টগ্রামে শতবর্ষী গাছ কাটার সিদ্ধান্ত সিডিএর, ক্ষুব্ধ নাগরিক সমাজ

বাংলাদেশের চট্টগ্রাম নগরীর টাইগারপাস থেকে সেন্ট্রাল রেলওয়ে বিল্ডিং (সিআরবি) মুখী পাহাড়ি রাস্তার শতবর্ষী গাছ ও পাহাড়ের ঢাল কেটে ফেলার উদ্যোগ নিয়েছে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ)। এই পদক্ষেপ, পরিবেশ ও প্রাকৃতিক সৌন্দর্য ধ্বংস করবে উল্লেখ করে ক্ষোভ প্রকাশ করেছে সেখানকার নাগরিক সমাজ। এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্প নির্মাণ করতে সিডিএ'র এই সিদ্ধান্ত নিয়েছে। পরিবেশবিদরা বলছেন, এই পদক্ষেপ গাছ ও পাহাড় ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি পরিবেশ বিপর্যয়ের আশঙ্কা তৈরি করবে।

সূত্র জানায়, ইতোমধ্যে গাছ কাটা ও জমি ব্যবহারের অনুমতি চেয়ে বন বিভাগ এবং বাংলাদেশ রেলওয়ের কাছে আবেদন করেছে সিডিএ। যেসব গাছ কাটা হবে, সেগুলো গায়ে ইতোমধ্যে সাদা রং দিয়ে চিহ্নিত করা হয়েছে। অনুমোদন পেলে এই এলাকার পরিবেশে রক্ষাকারী শতবর্ষী অর্ধশত গাছ কেটে ফেলবে সিডিএ। গাছ কাটার এই সিদ্ধান্তকে 'দায়িত্বজ্ঞানহীন' উল্লেখ করে পরিবেশবাদী ও নাগরিক সমাজের প্রতিনিধিরা র‍্যাম্প নির্মাণের জন্য সিডিএ'কে বিকল্প পরিকল্পনা গ্রহণের অনুরোধ জানিয়েছেন।

পরিবেশ আন্দোলন গ্রিন ফিঙ্গারস বাংলাদেশের কর্মকর্তা রিতু পারভী বলেন, সিআরবি হেরিটেজ ঘোষিত এলাকা। সেখানে হাসপাতাল নির্মাণ করতে চাইলে চট্টগ্রামবাসী আন্দোলন করেছে। আন্দোলনের কারণে রেলওয়ে তাদের সিদ্ধান্ত থেকে সরে এসেছে। "পরিবেশ বিনষ্ট করে কোনো স্থাপনা সিআরবি ও আশেপাশের এলাকায় করতে দেয়া হবে না। র‍্যাম্প নির্মাণের জন্য গাছ কাটার পরিকল্পনাকারীদের বিরুদ্ধে আমরা আন্দোলন করবো। ইতোমধ্যে আজ (১ এপ্রিল) আমরা সিআরবিতে অবস্থান কর্মসূচির ঘোষণা দিয়েছি;" বলেন রিতু পারভী।

রেলওয়ে সূত্র জানায়, ব্রিটিশ আমলে চট্টগ্রামের বন্দর এলাকার সঙ্গে রেলওয়ের সিআরবি ও পলোগ্রাউন্ড মাঠের সংযোগ স্থাপনে পাহাড়ের ঢালে টাইগারপাস সড়ক নির্মাণ করা হয়। সিআরবি পাহাড়ের পাদদেশের ওপরের অংশে টাইগারপাস থেকে যাতায়াত এবং নিচের অংশে নিউমার্কেট থেকে টাইগারপাসমুখী সড়ক নির্মাণ করা হয়। এটি স্থানীয় মানুষের কাছে দ্বিতল সড়ক হিসেবে পরিচিত। পাহাড় অক্ষুণ্ণ রেখে চট্টগ্রাম শহরের সবচেয়ে দৃষ্টিনন্দন এ সড়কের নামকরণ করা হয় ইউসুফ চৌধুরীর নামে। এ সড়কের বিভাজক হিসেবে রাখা হয়েছে পাহাড়ের ঢাল। সড়ক বিভাজকে রিটার্নিং ওয়াল ছাড়াও লাগানো হয়েছে কয়েকশ ছোট-বড় গাছ। বেশকিছু গাছের বয়স ১০০ বছর পেরিয়ে গেছে। এসব গাছ পাখির আবাস এবং প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় অবদান রাখে।

সম্প্রতি ৪ হাজার ২৯৮ কোটি টাকা ব্যায়ে চট্টগ্রাম নগরীর লালখান বাজার থেকে বিমানবন্দর পর্যন্ত প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ শুরু করে। এর নির্মাণ কাজ এখন শেষ পর্যায়ে। চট্টগ্রামের প্রয়াত আওয়ামী লীগ নেতা ও সাবেক মেয়র এ বি এম মহিউদ্দিন চৌধুরীর নামে করা এ এক্সপ্রেসওয়ে গত বছরের নভেম্বরে উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সব কাজ শেষ না হওয়ায় এটি এখনো যানবাহন চলাচলের জন্য চালু করা হয়নি। সময়মত কাজ শেষ করতে না পারায় প্রকল্পের মেয়াদ ২০২৪ সালের জুন পর্যন্ত বাড়ানো হয়েছে।

সিডিএ সূত্রে জানা গেছে, এক্সপ্রেসওয়ের ১৪টি র‍্যাম্পের মধ্যে একটি জিইসি মোড়ে, দুটি টাইগারপাসে, চারটি আগ্রাবাদে, একটি ফকিরহাটে, দুটি নিমতলায়, দুটি সিইপিজেডে এবং দুটি কেইপিজেডে নির্মাণ করা হচ্ছে। টাইগারপাস মোড়ে দুটি র‍্যাম্পের মধ্যে একটি হবে সিআরবি হয়ে নিউ মার্কেটমুখী সড়কে, অন্যটি হবে আমবাগানমুখী সড়কে। দেওয়ানহাট ব্রিজের শেষ প্রান্ত সংলগ্ন অংশ থেকে টাইগারপাস মোড় ঘুরে সড়কের মাঝ বরাবর গিয়ে পলোগ্রাউন্ড বহুমুখী উচ্চ বিদ্যালয়ের সামনের অংশ পর্যন্ত প্রস্তাবিত র‍্যাম্পটি হবে। এটি নির্মাণে ১৪ শতক জমি ব্যবহারের অনুমতি চেয়ে গত ২৫ মার্চ বাংলাদেশ রেলওয়ের কাছে চিঠি দিয়েছে সিডিএ।

সিডিএর প্রধান প্রকৌশলী কাজী হাসান বিন শামস বলেন, পরিবেশকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সিআরবি এলাকায় র‍্যাম্প নির্মাণ করা হবে। ফলে পাহাড়ি এ সড়কে র‍্যাম্প নির্মাণে গাছ কাটা হলেও পরিবেশের ক্ষতি হবে না। তিনি বলেন, “র‍্যাম্প নির্মাণে ৪৬টি গাছ কাটার পরিকল্পনা থাকলেও আমরা কয়েক গুণ বেশি গাছ রোপণ করবো। পাহাড়ের ঢালে দ্বিতল পদ্ধতিতে নির্মিত সড়কটির কোনো ক্ষতি না করে জাতীয় স্বার্থে র‍্যাম্পটি নির্মাণ করা হবে।” প্রকৌশলী কাজী হাসান বিন শামস আরো জানান যে এজন্য রেলওয়ের কাছ থেকে জমি নিয়ে বাণিজ্যিকভাবে ব্যবহার করবে সিডিএ। রেলের বিদ্যমান প্রটেকশন ওয়াল না ভেঙে, পাহাড়কে সুরক্ষিত রেখেই সিডিএ র‍্যাম্প নির্মাণের কাজ করবে বলে জানান তিনি।

রেলওয়ে পূর্বাঞ্চলের প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা সুজন বলেন, “সিডিএ আমাদের কাছে জমি ব্যবহারের অনুমতি চেয়েছে। এ সংক্রান্ত পূর্ব রেলের ডিআরএম এর নেতৃত্বে আমাদের সাত সদস্যের একটি বিভাগীয় কমিটি আছে।” “অনুমোদনের আগে বিভাগীয় কমিটি জমিটি পরিদর্শন করবে। সেখানে কি পরিমাণ জমি আছে, কত গাছ আছে, গাছ কাটা হবে কিনা; সব বিষয় যাচাই করে বিভাগীয় কমিটি প্রতিবেদন দেবে। এরপর অনুমোদনের জন্য সদর দপ্তরে যাবে;” জানান প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা।

গাছ কাটার বিষয়ে জানতে চাইলে নাগরিক সমাজ চট্টগ্রামের যুগ্ম মহাসচিব সাংবাদিক মহসিন কাজী বলেন, পরিবেশের ক্ষতি করে গাছ কেটে নয়, র‍্যাম্প নির্মাণের জন্য সিডিএকে অবশ্যই বিকল্প ভাবতে হবে। চট্টগ্রামবাসীর প্রতিবাদের মুখে সরকারি কোনো সংস্থা শতবর্ষী গাছ কাটার চেষ্টা করলে, আবার লাগাতার আন্দোলন শুরু হবে।

(ভোয়া ওয়েব পেজ : ০১.০৪.২০২৪ এলিনা)

## ঈদে ঢাকা ছাড়বে দেড় কোটি মানুষ, জনভোগান্তির আশঙ্কা

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বৃহত্তর ঢাকা থেকে প্রায় দেড় কোটি মানুষ স্বজনদের কাছে যাবে। এ তথ্য জানিয়েছে, বাংলাদেশের অন্যতম নাগরিক সংগঠন; নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটি। এসব মানুষ ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, গাজীপুর ও নারায়ণগঞ্জ সিটি করপোরেশনসহ ঢাকা বিভাগের বিভিন্ন জেলায় বসবাস করেন। ঈদযাত্রায় জনভোগান্তি ও দুর্ঘটনার আশঙ্কা রয়েছে বলে উল্লেখ করেছে সংগঠনটি।

তারা বলেছে, এই বিপুলসংখ্যক ঈদযাত্রীর ৬০ শতাংশ যাবেন সড়কপথে। এই হিসাব মতে, সড়কপথের যাত্রীসংখ্যা হবে প্রায় ৯০ লাখ। অবশিষ্ট ৪০ শতাংশ মানুষ নৌপথ ও রেলপথে ঢাকা ছাড়বে। সোমবার (১ এপ্রিল) এক সংবাদ বিজ্ঞপ্তিতে নাগরিক সংগঠন; নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটির ঈদপূর্ব পর্যবেক্ষণ প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করেছে। সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি দপ্তরে এ সংক্রান্ত তথ্যভাণ্ডার না থাকায়, প্রতিবেদনটি ‘শতভাগ বস্তুনিষ্ঠ’ না-ও হতে পারে বলে স্বীকার করেছেন সংগঠনের সাধারণ সম্পাদক আশীষ কুমার দে।

জাতীয় কমিটি জানায়, বিগত বছরগুলোর মতো এবারো সড়কপথে জনভোগান্তি ও দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। তবে ঈদে নির্বিঘ্ন যাতায়াত নিশ্চিত করতে প্রশাসন ব্যাপক প্রস্তুতি নিয়েছে বলে উল্লেখ করে জাতীয় কমিটি  সর্বশেষ জনশুমারির বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়, ঢাকা বিভাগে ৪ কোটি ৪০ লাখ মানুষ বাস করে। এর মধ্যে, ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকার জনসংখ্যা ৫৯ লাখ ৭৯ হাজার ৫৩৭; ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকার ৪২ লাখ ৯৯ হাজার ৩৪৫। দেশের প্রায় ৭৫ শতাংশ গার্মেন্টস শিল্প (পোশাক কারখানা) গাজীপুর অঞ্চলে হওয়ায় গাজীপুর মহানগরের জনসংখ্যা এখন প্রায় ৭০ লাখ। নারায়ণগঞ্জ মহানগরে বাস করে ২৫ লাখ মানুষ। তিন শহরের বাইরে, এসব জেলায় আরো প্রায় ৫০ লাখ মানুষ বাস করে। এছাড়া নরসিংদী ও মানিকগঞ্জ জেলার জনসংখ্যা যথাক্রমে ২৬ ও ২০ লাখ। নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটি জানায়, ঈদুল ফিতর উপলক্ষে জনবহুল বড় শহরসহ শিল্প ও বাণিজ্যিক এলাকাগুলোর অন্তত ৫০ শতাংশ মানুষ বর্তমান আবাসস্থল ছেড়ে যায়। গবেষক, নাগরিক সংগঠন ও পরিবহন বিষয়ক বিভিন্ন সংগঠনের তথ্য মতে, সব মিলিয়ে ঢাকা অঞ্চল ছেড়ে যায় প্রায় দেড় কোটি মানুষ।

সাধারণত এক সপ্তাহ আগে ঈদযাত্রা শুরু হয় বলে উল্লেখ করা হয় প্রতিবেদনে। বলা হয়, মাত্র সাতদিনে বিপুলসংখ্যক মানুষকে সুশৃঙ্খলভাবে গন্তব্যে পৌঁছে দেয়ার সক্ষমতা সড়ক পরিবহনখাতে নেই। সরকার সড়ক অবকাঠামো উন্নয়নে

পর্যাপ্ত অর্থবরাদ্দ দিলেও দূরপাল্লার অনেক সড়কের কিছু স্থানের অবস্থা এখনো বেহাল রয়েছে বলে জানায় নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটি। সারা দেশে পাঁচ শতাধিক ঝুঁকিপূর্ণ বাঁক রয়েছে বলে উল্লেখ করেছে জাতীয় কমিটি। তারা বলেছে, ঈদকে কেন্দ্র করে মহাসড়কে পণ্যবাহী ট্রাক ও পিকআপ ভ্যানসহ হাজার হাজার মোটরসাইকেল ও ব্যক্তিগত গাড়ি চলবে। এ ছাড়া, জাতীয় মহাসড়কসহ বিভিন্ন সড়কের অনেক স্থানে ম্যানুয়াল পদ্ধতিতে টোল আদায় করা হয়। সব মিলিয়ে বিভিন্ন স্থানে দীর্ঘ যানজট, বাসের সময়সূচি বিপর্যয় এবং অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনার ঝুঁকি রয়েছে। জাতীয় কমিটির প্রতিবেদনে আরো বলা হয় যে সরকার নির্বিঘ্ন ঈদযাত্রার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে ইতোমধ্যে প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছে। পুলিশসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলো এবং সংশ্লিষ্ট সকল সংস্থা নানা পদক্ষেপ নিয়েছে। সংশ্লিষ্ট সরকারি বিভাগ যথাযথভাবে দায়িত্ব পালন করলে, ঈদে যাতায়াতে জনদুর্ভোগ অনেক কমতে পারে বলে আশা প্রকাশ করা হয় জাতীয় কমিটির প্রতিবেদনে। (ভোয়া ওয়েব পেজ : ০১.০৪.২০২৪ এলিনা)

## বুয়েটে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করার সিদ্ধান্ত স্থগিত করেছে হাইকোর্ট

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্র রাজনীতি নিষিদ্ধ করার সিদ্ধান্ত স্থগিত করেছে হাইকোর্ট। একই সঙ্গে, ছাত্র রাজনীতি নিষিদ্ধ করে ২০১৯ সালে জারি করা প্রজ্ঞাপন কেন অবৈধ ঘোষণা করা হবে না; তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। বুয়েটের হল থেকে সম্প্রতি বের করে দেয়া শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতা ইমতিয়াজ রাহিম রাব্বির করা এক রিটের শুনানি শেষে, সোমবার (১ এপ্রিল) বিচারপতি মো. খসরুজ্জামান ও বিচারপতি কে এম জাহিদ সারওয়ার কাজলের হাইকোর্ট বেঞ্চ রুলসহ এই আদেশ দেন। রিটে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, বুয়েটের ভিসি ও রেজিস্ট্রারকে এই রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে রিটের পক্ষে শুনানি করেন সিনিয়র আইনজীবী শাহ মঞ্জরুল হক। আর, রাষ্ট্র পক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সমরেন্দ্র নাথ বিশ্বাস ও সহকারী অ্যাটর্নি জেনারেল আবুল কালাম খান দাউদ।

বুয়েটের ছাত্রাবাসে ২০১৯ সালের ১৬ নভেম্বর শিক্ষার্থী আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা করা হয়। সেই ঘটনার পর ২০১৯ সালের ১৬ নভেম্বর শিক্ষার্থীদের রাজনীতিতে অংশ না নিতে প্রজ্ঞাপন জারি করে বুয়েট কর্তৃপক্ষ। এরপর, গত বছরের ১৯ জুলাই শিক্ষক ও শিক্ষার্থীদের রাজনীতিতে অংশগ্রহণ নিষিদ্ধের বিষয়টি আবার মনে করিয়ে দিয়ে প্রজ্ঞাপন জারি করে বুয়েট কর্তৃপক্ষ। ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটিতে বুয়েটের কয়েকজন শিক্ষার্থীর পদপ্রাপ্তির ঘটনা গণমাধ্যমে প্রকাশ ও সামাজিক মাধ্যমে আলোচিত হওয়ার পর, এ ঘোষণা দেয়া হয়েছিলো।

সর্বশেষ প্রজ্ঞাপনে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের সব রাজনৈতিক সংগঠন এবং এর কার্যক্রম ইতোমধ্যে নিষিদ্ধ করা হয়েছে। সুতরাং, কোনো শিক্ষার্থী অনুমোদিত ক্লাব বা সোসাইটি ছাড়া কোনো রাজনৈতিক দলের বা এর অঙ্গ সংগঠনসহ অন্য কোনো সংগঠনের সদস্য হতে বা তার কার্যক্রমে অংশ নিতে পারবেন না। এছাড়া, বুয়েটের কোনো শিক্ষার্থীকে সামাজিক যোগাযোগমাধ্যমসহ অন্য কোনো মাধ্যমে তাহাদের সাংগঠনিক রাজনৈতিক পরিচয় ব্যবহার না করার জন্য কর্তৃপক্ষ নির্দেশ দেয়।

গত বৃহস্পতিবার (২৮ মার্চ) গভীর রাতে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি, দপ্তর সম্পাদকসহ অনেকে বুয়েট ক্যাম্পাসে প্রবেশ করেন। এর প্রতিবাদে শুক্রবার (২৯ মার্চ) থেকে আন্দোলন শুরু হয়। পরে, শুক্রবার (২৯ মার্চ) বিকালে বুয়েটের শহীদ মিনারের সামনে শিক্ষার্থীরা সংবাদ সম্মেলন করেন। তারা বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ পরিদপ্তরের পরিচালকের (ডিএসডব্লিউ) কার্যালয়ের সামনে অবস্থান নিয়ে সন্ধ্যা পর্যন্ত বিক্ষোভ করেন। সেদিন রাতে বুয়েটের রেজিস্ট্রার অধ্যাপক ফোরকান উদ্দিনের সই করা এক বিজ্ঞপ্তিতে ইমতিয়াজ রাহিম রাব্বির হলের সিট বাতিল করা হয়। পাশাপাশি বিষয়টি তদন্তে কমিটি গঠন করে ৮ এপ্রিলের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হয়।

ইমতিয়াজকে বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ীভাবে বহিষ্কার করাসহ ছয় দফা দাবিতে রবিবার (৩১ মার্চ) সকাল থেকে আবার বিক্ষোভের ঘোষণা দেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। তবে রবিবার সকাল থেকে ক্যাম্পাসে তাদের কোনো তৎপরতা দেখা যায়নি। রবিবার (৩১ মার্চ) বুয়েটে ছাত্র রাজনীতি ফেরানোর দাবিতে, কেন্দ্রীয় শহীদ মিনারে সমাবেশ করে ক্ষমতাসীন আওয়ামী লীগ সমর্থক সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ। সমাবেশের পর, নেতা-কর্মীদের নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করেন ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন এবং সাধারণ সম্পাদক শেখ ওয়ালি আসিফ ইনান। এক পর্যায়ে বুয়েট শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন তারা তারা। সে সময় বুয়েটের মূল ফটক এবং বিভিন্ন হলের প্রবেশ পথ বন্ধ করে দেয়া হয়। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের রবিবার (৩১ মার্চ) বলেছিলেন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্রলীগের নেতা-কর্মীদের সাম্প্রতিক কর্মকাণ্ড নিয়ে তদন্ত চলছে।

রাজধানী ঢাকায় আওয়ামী লীগের তেজগাঁও কার্যালয়ে, চট্টগ্রাম বিভাগীয় আওয়ামী লীগের নেতা-কর্মীদের সঙ্গে মতবিনিময় কালে এ কথা বলেন ওবায়দুল কাদের। ছাত্র রাজনীতি সরাসরি নিষিদ্ধ করা হলে, বুয়েট নেতিবাচক রাজনৈতিক কর্মকাণ্ড ও জঙ্গিবাদের আঁতুড়ঘর হয়ে উঠতে পারে বলে উদ্বেগ প্রকাশ করেন ওবায়দুল কাদের। তিনি বলেন, "সেদিন বুয়েট ক্যাম্পাসে কোনো রাজনৈতিক কর্মকাণ্ড ছিলো না। আর আমি যদি রাজনীতির সঙ্গে জড়িত থাকি, তাহলে বুয়েট ক্যাম্পাসে থাকতে পারবো না; এটা কী ধরনের আইন।"

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্র রাজনীতিতে কোনো বাধা নেই; হাইকোর্টের এমন বক্তব্যের পরিপ্রেক্ষিতে উপাচার্য ড. সত্য প্রসাদ মজুমদার বলেছেন, বুয়েট ক্যাম্পাসে ছাত্র রাজনীতি ফিরে আসতে পারে।

সোমবার (১ এপ্রিল) নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বুয়েট উপাচার্য এ কথা বলেন। তিনি বলেন, "হাইকোর্ট যা বলবে তা আমাদের মেনে নিতে হবে। আদালতের আদেশ অবশ্যই মানতে হবে। এটি বাস্তবায়ন করতে হলে আমাদের কিছু প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে।" ক্যাম্পাসে শৃঙ্খলা বজায় রাখতে হলে শিক্ষার্থী, শিক্ষক ও প্রশাসনকে পারস্পরিক সিদ্ধান্তে পৌঁছাতে হবে এবং এজন্য আলোচনা জরুরি; উপাচার্য আরো বলেন। "শিক্ষক, শিক্ষার্থী ও প্রশাসনের আলোচনার ভিত্তিতে আমরা বিষয়টি খতিয়ে দেখবো;" বলেন উপাচার্য ড. সত্য প্রসাদ মজুমদার। (ভোয়া ওয়েব পেজ : ০১.০৪.২০২৪ এলিনা)

## বুয়েটকে জঙ্গিবাদের আখড়া বানানো যাবে না : হাছান মাহমুদ

এদিকে, আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন যে বিরাজনীতিকরণের নামে বুয়েটকে জঙ্গিবাদের আখড়া বানানো যাবে না। সোমবার (১ এপ্রিল) বিকালে জাতীয় প্রেস ক্লাবে বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতির এক আলোচনা সভায় এ কথা বলেন তিনি।

হাছান মাহমুদ বলেন, বুয়েটে সবসময় ছাত্ররাজনীতি ছিলো। দেশের অনেক বরেণ্য রাজনীতিবিদ বুয়েট থেকে পাস করেছেন। তিনি বলেন, "একটা গোষ্ঠী নির্বাচন বর্জন করেছিলো এবং পরে বিদেশিদের মুখের দিকে তাকিয়েছিলো। বিশ্বনেতারা প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানানোর ফলে তাদের আশা পূরণ হয়নি। তারাই বুয়েটকে বিরাজনীতিকরণের মাধ্যমে পুরো দেশকে বিরাজনীতিকরণ করতে চায়। "বুয়েটে একটি অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছিলো। সেই ঘটনার বিচার হয়েছে। কিন্তু প্রগতিশীল রাজনীতি বন্ধের আড়ালে সেখানে নিষিদ্ধ জঙ্গিগোষ্ঠী সক্রিয় হয়েছে কি না, এখন তা খুঁজে বের করতে হবে;" যোগ করেন হাছান মাহমুদ।

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, ক্যাম্পাসের বাইরে রাজনীতি করার অপরাধে বুয়েট ছাত্রকে ক্যাম্পাস থেকে বহিষ্কার করার ঘটনা ঘটেছে; এটি কোন ধরনের সিদ্ধান্ত, সেটি নিয়ে প্রশ্ন রয়েছে বলেও উল্লেখ করেন তিনি। "বুয়েটে সাধারণ ছাত্ররা যে আন্দোলন করছে, তাকে সম্মান জানাই। কিন্তু, সাধারণ শিক্ষার্থীদের আন্দোলনের সুযোগ নিয়ে বুয়েটকে জঙ্গিবাদের আখড়ায় পরিণত করার আশঙ্কা করা হচ্ছে। এটি কিছুতেই মেনে নেয়া যায় না; বুয়েটে জঙ্গিবাদ ঢুকেছে কি না তাও দেখা দরকার; আরো বলেন হাছান মাহমুদ।

শিক্ষার্থীদের বিপথগামিতা থেকে বাঁচাতে সংস্কৃতি চর্চার ওপর গুরুত্ব আরোপ করেন হাছান মাহমুদ। বলেন, দেশে একটি সাংস্কৃতিক জাগরণ দরকার। পাড়া-মহল্লায় সংস্কৃতির বিকাশ ঘটানো দরকার। তাহলে শিক্ষার্থীরা বিপথে যেতে পারবে না। (ভোয়া ওয়েব পেজ : ০১.০৪.২০২৪ এলিনা)

## ছাত্র রাজনীতি নিয়ে সমস্যা নেই, উদ্বেগ ক্যাম্পাস নিয়ন্ত্রণ নিয়ে : গয়েশ্বর চন্দ্র রায়

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র রাজনীতি সমস্যা নয়, উদ্বেগের বিষয় হলো ক্যাম্পাসে ছাত্র সংগঠনের নিয়ন্ত্রণ। সোমবার (১ এপ্রিল) বঙ্গবন্ধু সাংবাদিকদের তিনি এ কথা বলেন। বিএনপি নাটোর জেলা শাখার যুগ্ম আহবায়ক, আহত দেওয়ান শাহিনকে সোমবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) দেখতে যান গয়েশ্বর চন্দ্র রায়। সেখানে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। সম্প্রতি আওয়ামী লীগের কিছুকর্মী-সমর্থকের হামলায় দেওয়ান শাহিন গুরুতর আহত হয়েছেন বলে অভিযোগ রয়েছে।

"ক্যাম্পাসে ছাত্র রাজনীতি করতে দেবে কি না, বুয়েট কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেবে। যে কারণে বুয়েট কর্তৃপক্ষ ক্যাম্পাসে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করেছিলো, তারা দেখবে এমন পরিস্থিতি এখনো অব্যাহত আছে কি না এবং সে অনুযায়ী তারা সিদ্ধান্ত নেবে;" বলেন গয়েশ্বর চন্দ্র রায়। গয়েশ্বর রায় আরো বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অবস্থা আরো খারাপ ছিলো। সেখানে বাংলাদেশ ছাত্রলীগের সাবেক নেতা মানিক 'ধর্ষণের সেঞ্চুরি' উদযাপন করেছিলেন। এটি জাতির জন্য কলঙ্কজনক। কিন্তু আওয়ামী লীগ এই লজ্জাকে অলংকার বলে মনে করে। প্রশাসনের মদদে তারা বেপরোয়া আচরণ করছে বলে অভিযোগ করেন তিনি।

বলেন, "ক্ষমতাসীন আওয়ামী লীগ নৃশংসতা চালিয়ে এবং বিরোধীদের বিরুদ্ধে পেশি শক্তি প্রয়োগ করে ক্ষমতায় আছে।" আওয়ামী লীগকে একটি জনবিচ্ছিন্ন রাজনৈতিক দল বলে উল্লেখ করেন বিএনপি নেতা গয়েশ্বর রায়।"সন্ত্রাসী কর্মকাণ্ড ছাড়া তারা রাজনীতিতে টিকে থাকতে পারে না। এই পরিস্থিতিতে আমাদের আওয়াজ তুলতে হবে এবং তাদের বর্বরতার জবাব দিতে প্রস্তুত হতে হবে;" তিনি যোগ করেন।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বিএনপির এই নেতা বলেন, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মৃত্যু সংবাদ শোনার জন্য সরকার অপেক্ষা করছে। তিনি আরো বলেন, "এই সরকারের কাছে আমাদের কিছু আশা করার নেই।

তবে বিএনপি চেয়ারপারসনের সঙ্গে তারা যা করছে, তা পরিকল্পিত হত্যাকাণ্ড হিসেবে বিবেচিত হবে।

(ভোয়া ওয়েব পেজ : ০১.০৪.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### বুয়েটে ছাত্ররাজনীতি নিষিদ্ধের জরুরি বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত করেছে হাইকোর্ট

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) সব রাজনৈতিক সংগঠন ও এর কার্যক্রম নিষিদ্ধ ঘোষণার 'জরুরি বিজ্ঞপ্তির' কার্যক্রম স্থগিত করেছে হাইকোর্ট। আজ (সোমবার) বুয়েটে শিক্ষার্থী ইমতিয়াজ হোসেনের এক রিটের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি মো. খসরুজ্জামান ও বিচারপতি কে এম জাহিদ সারওয়ারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ রুলসহ এ আদেশ দেয়।

২০১৯ সালের ১১ অক্টোবর বুয়েট কর্তৃপক্ষের দেওয়া 'জরুরি বিজ্ঞপ্তির' বৈধতা নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানটির পুরকৌশল বিভাগের ছাত্র এবং ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ইমতিয়াজ হোসেন আজ রিটটি দায়ের করে। হাইকোর্টের আদেশের পর জ্যেষ্ঠ আইনজীবী শাহ মঞ্জুরুল হক সাংবাদিকদের বলেন, 'আদালত রুল দিয়ে জরুরি বিজ্ঞপ্তি স্থগিত করেছে। এরফলে বুয়েটে এখন থেকে ছাত্ররাজনীতি করায় আর কোনো বাধা থাকল না।

উল্লেখ্য ২০১৯ সালের ৬ অক্টোবর বুয়েটের ছাত্র আবরার ফাহাদকে শেরেবাংলা হলে পিটিয়ে হত্যার ঘটনায় করা মামলায় আদালত ছাত্রলীগের ২০ জন নেতাকর্মীকে মৃত্যুদণ্ড দেয়। পাঁচজনকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়। আবরার ফাহাদ হত্যার পর বুয়েট ক্যাম্পাসে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করা হয়।

(রেডিও তেহরান: ২০:৩০ ঘ. ০১.০৪.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ব্যাংকঋণের সুদহার সাড়ে ১৩% ছাড়িয়েছে

দেশে ব্যাংকঋণের সুদহার সাড়ে ১৩ শতাংশ ছাড়িয়ে গেছে। এই সুদহার আজ থেকে প্রযোজ্য হবে এবং এপ্রিল মাসের জন্য তা বহাল থাকবে। গত জুলাই মাসের পর এটাই হবে ঋণের ওপর সর্বোচ্চ সুদহার। সুদহার নির্ধারণে বাংলাদেশ ব্যাংক এখন একটি নতুন পদ্ধতি অনুসরণ করছে। এর ফলে ঋণের সুদ এখন প্রতি মাসেই বাড়ছে। গত ফেব্রুয়ারিতে ব্যাংকে ঋণের সর্বোচ্চ সুদ ছিল ১২ দশমিক ৪৩ শতাংশ। মার্চে তা বেড়ে হয় ১৩ দশমিক ১১ শতাংশ।

এর আগে ঋণের ওপর সর্বোচ্চ সুদের হার নির্ধারিত ছিল ৯ শতাংশ। গত জুলাই মাসে সুদের হার বেঁধে দেওয়ার ওই পদ্ধতি থেকে সরে আসে বাংলাদেশ ব্যাংক। বর্তমানে সিক্স মান্থস মুভিং অ্যাভারেজ রেট অব ট্রেজারি বিল বা স্মার্ট পদ্ধতিতে ঋণের সুদের ভিত্তি হার নির্ধারিত হয়। এই ভিত্তি হারের সঙ্গে এর আগে বাড়তি ৩ দশমিক ৫০ শতাংশ সুদ যুক্ত হলেও এবারে বাংলাদেশ ব্যাংক ৩ শতাংশ সুদ যোগ করতে বলেছে। ভিত্তি হার ও বাড়তি সুদ এই দুইয়ে মিলে ঋণের চূড়ান্ত সুদহার নির্ধারণ করে ব্যাংকগুলো। মার্চ মাস শেষে স্মার্ট হার বেড়ে দাঁড়িয়েছে ১০ দশমিক ৫৫ শতাংশে। এর সঙ্গে ৩ শতাংশ সুদ যুক্ত করলে ঋণের সুদ দাঁড়ায় ১৩ দশমিক শূন্য ৫৫ শতাংশ।

কেন্দ্রীয় ব্যাংক নতুন পদ্ধতি অনুসরণ করার ফলে এখন প্রতি মাসেই ঋণের সুদ বাড়ছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। তাতে বিপাকে পড়ছেন ব্যবসায়ী, শিল্পোদ্যোক্তাসহ ব্যাংকের ঋণগ্রহীতারা। কারণ, নতুন করে ব্যাংকঋণ নিতে গেলেই গুনতে হচ্ছে বেশি সুদ। ফলে ব্যবসার খরচও বেড়ে যাচ্ছে। ব্যাংকাররা জানিয়েছেন, বহুল আলোচিত-সমালোচিত '৯-৬ সুদহার' উঠিয়ে নেওয়ার পর ঋণের সুদহার বেড়ে এখন সর্বোচ্চ পর্যায়ে উঠেছে। ব্যাংকের ঋণের ওপর সর্বোচ্চ সুদহার নির্ধারণ করা হয়েছিল ৯ শতাংশ, আর আমানতের ওপর সর্বোচ্চ সুদ হার ছিল ৬ শতাংশ। ঋণের সুদহার বাড়ার পাশাপাশি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে এখন আমানতের ওপর সুদের হারও বেড়েছে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ রিহাব)

### বুয়েটে রাজনীতি নিষিদ্ধের সিদ্ধান্তে হাইকোর্টের স্থগিতাদেশ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এ সব রাজনৈতিক সংগঠন ও তাদের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করে দেওয়া 'জরুরি বিজ্ঞপ্তি' স্থগিত করেছেন হাইকোর্ট। এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি মো. খসরুজ্জামান ও বিচারপতি কে এম জাহিদ সারওয়ারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ আজ সোমবার রুলসহ এই আদেশ দেন। ২০১৯ সালের ১১ অক্টোবর বুয়েট কর্তৃপক্ষের দেওয়া 'জরুরি বিজ্ঞপ্তি'র বৈধতা নিয়ে বুয়েট শিক্ষার্থী ইমতিয়াজ হোসেন রাহিম আজ রিট আবেদনটি করেন। ইমতিয়াজ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য। আদালতে রিটের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী শাহ মঞ্জুরুল হক, সঙ্গে ছিলেন আইনজীবী এম হারুনুর রশীদ খান।

রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সমরেন্দ্র নাথ বিশ্বাস। হাইকোর্টের এই আদেশ সম্পর্কে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার বলেছেন, ''হাইকোর্ট আদেশে যা বলছেন, তা আমাদের মানতে হবে। আদালত অবমাননার অভিযোগে আমাদের অভিযুক্ত করা যাবে না। আমরা এখনো হাইকোর্টের আদেশ পাইনি। আদেশ পেলেই আমরা আইনি প্রক্রিয়া অনুসরণ করবো।''

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ রিহাব)

### বেনজীরে দুদকের 'ধীরে চলো' নীতি?

এক জাতীয় দৈনিকের দাবি, পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদের বিপুল পরিমান অবৈধ সম্পদের খোঁজ মিলেছে। বিশেষজ্ঞরা বলছেন, এসব অবৈধ সম্পদের অনুসন্ধান করে দুর্নীতি দমন কমিশন (দুদক)-এর মামলা করা

উচিত। তবে দুদকের পক্ষ থেকে বলা হয়েছে, তদন্তের সিদ্ধান্তের জন্য কমিশনের পরবর্তী বৈঠক পর্যন্ত অপেক্ষা করতে হবে।

দৈনিক কালের কণ্ঠ 'বেনজীরের ঘরে আলাদীনের চেরাগ' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশ করে। সেখানে রাষ্ট্রীয় শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্ত পুলিশের সাবেক মহাপরিদর্শক ও র‍্যাবের সাবেক মহাপরিচালক বেনজীর আহমেদের নানা অর্থ সম্পদের বিবরণ তুলে ধরা হয়েছে। প্রতিবেদনে প্রকাশিত বিপুল সম্পদের মধ্যে রয়েছে গোপালগঞ্জের সাহাপুর ইউনিয়নে সাভানা ইকো রিসোর্ট নামের এক অভিজাত ও দৃষ্টিনন্দন পর্যটনকেন্দ্র। সেখানে এক রাত থাকতে গুণতে হয় অন্তত ১৫ হাজার টাকা। দায়িত্বরত কর্মকর্তাদের সঙ্গে কথা বলে কালের কণ্ঠ জানতে পেরেছে, একক পরিবারের জন্য বানানো এসব কটেজের পেছনে ব্যয় হয়েছে অর্ধকোটি টাকারও বেশি। যাতায়াতের জন্য সরকারি খরচে বানানো হয়েছে সাত কিলোমিটারের চেয়েও বেশি দীর্ঘ পাকা সড়ক। পুলিশ ক্যাম্পও বসানো হয়েছে সেখানে।

বেনজীর আহমেদের অবৈধ সম্পদের বিষয়ে অনুসন্ধান করা হবে কিনা জানতে চাইলে দুদকের চেয়ারম্যান মোহাম্মদ মঈনউদ্দীন আব্দুল্লাহ ডয়চে ভেলেকে বলেন, ''বিষয়টি আমাদের নজরে এসেছে। কমিশন বৈঠকে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে। আমি চাইলেই তো কোনো সিদ্ধান্ত নিতে পারিনা। কমিশন বৈঠকে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হয়। ফলে পরবর্তী কমিশন বৈঠকে এ ব্যাপারে আমরা সিদ্ধান্ত নেবো।"

কালের কণ্ঠের প্রতিবেদনে দাবি করা হয়, পুলিশের সাবেক প্রভাবশালী শীর্ষ কর্মকর্তা বেনজীর আহমেদের স্ত্রী ও দুই মেয়ের নামে দেশের বিভিন্ন এলাকায় অন্তত ছয়টি কোম্পানির খোঁজ পাওয়া গেছে। পাঁচটি প্রতিষ্ঠানে বিনিয়োগের পরিমাণ ৫০০ কোটি টাকার বেশি হতে পারে। প্রতিবেদনে আরো দাবি করা হয় ঢাকার অভিজাত এলাকাগুলোতে বেনজীর আহমেদের দামি ফ্ল্যাট, বাড়ি আর ঢাকার কাছের এলাকায় বিঘার পর বিঘা জমি রয়েছে। দুই মেয়ের নামে বেস্ট হোল্ডিংস ও পাঁচতারা হোটেল লা মেরিডিয়ানের রয়েছে দুই লাখ শেয়ার। পূর্বাচলে রয়েছে ৪০ কাঠার সুবিশাল জায়গাজুড়ে ডুপ্লেক্স বাড়ি, যার আনুমানিক মূল্য কমপক্ষে ৪৫ কোটি টাকা। একই এলাকায় আছে ২২ কোটি টাকা মূল্যের আরো ১০ বিঘা জমি।

অথচ ৩৪ বছর সাত মাসের দীর্ঘ চাকরিজীবনে বেনজীর আহমেদ বেতন-ভাতা বাবদ মোট আয় এক কোটি ৮৪ লাখ ৮৯ হাজার ২০০ টাকার মতো হওয়ার কথা। কালের কণ্ঠের প্রতিবেদনটি তৈরি করেছেন হায়দার আলী ও ফরিদ আহমেদ। অনুসন্ধানী সেলের প্রধান হায়দার আলী ডয়চে ভেলেকে বলেন, ''আমরা দুই মাস অনুসন্ধান করে তথ্য-উপাত্তের বিষয়ে নিশ্চিত হওয়ার পরই প্রতিবেদন প্রকাশ করেছি।" বেনজীর আহমেদ পদে থাকার সময় এই প্রতিবেদন প্রকাশ না করার কারণ জানতে চাইলে তিনি বলেন, "সব সময় তো চাইলেই সব প্রতিবেদন করা যায় না। আবার নিজের অফিসেও কিছু বিষয় আছে। ফলে আমরা তথ্য-উপাত্ত নিশ্চিত হওয়ার পরই প্রতিবেদন করেছি। সামনে আরো পর্ব আছে। সেসব তথ্য আমরা যাচাই-বাছাই করছি, যাতে কোনো ধরনের ভুল তথ্য চলে না যায়।"

প্রতিবেদন প্রকাশের পর কোনো হুমকি পেয়েছেন কিনা জানতে চাইলে হায়দার আলী বলেন, ''ওভাবে কোনো হুমকি পাইনি। তবে আমাদের সাংবাদিক সহকর্মীদের অনেকে অনেক রকম কথা বলছেন। আমি আগেও অনুসন্ধানী প্রতিবেদন করেছি। সেখানেও আমি দেখেছি, সত্য তথ্য তুলে ধরলে কারো কিছু বলার থাকে না। আর মিথ্য লিখলে অনেকেই হুমকি-ধামকি দেন। একেবারে যে পাইনি সেটা বলা যাবে না। তবে সেগুলো আমি প্রকাশ করতে চাচ্ছি না।"

কালের কণ্ঠের প্রতিবেদন অনুযায়ী, সাভানা ইকো রিসোর্ট প্রাইভেট লিমিটেডের চেয়ারম্যান বেনজীর আহমেদের স্ত্রী জীশান মীর্জা, ব্যবস্থাপনা পরিচালক (এমডি) বেনজীরের বড় মেয়ে ফারহিন রিসতা বিনতে বেনজীর এবং পরিচালক ছোট মেয়ে তাহসিন রাইসা বিনতে বেনজীর। কালের কণ্ঠের অনুসন্ধানে জানা গেছে, রাজধানীর অভিজাত এলাকাগুলোতে রয়েছে বেনজীর আহমেদের অঢেল সম্পদ। গোপালগঞ্জে সাভানা ফার্ম প্রডাক্টস, সাভানা অ্যাগ্রো লিমিটেড, সাভানা ন্যাচারাল পার্ক, সাভানা ইকো রিসোর্ট, সাভানা কান্ট্রি ক্লাব প্রতিষ্ঠা করেছেন বেনজীর আহমেদ।

বেস্ট হোল্ডিংস লিমিটেড নামের একটি কোম্পানিতে বড় মেয়ে ফারহিনের নামে এক লাখ, আর ছোট মেয়ে তাহসিনের জন্য কেনা হয়েছে আরো এক লাখ শেয়ার। এম/এস একটি শিশির বিন্দু (রেজি. পি-৪৩০৩৬) নামের ফার্মের ৫ শতাংশের মালিকানায় নাম রয়েছে বড় মেয়ের। আরো ৫ শতাংশের মালিকানা রয়েছে ছোট মেয়ের। একই প্রতিষ্ঠানে বেনজীরের স্ত্রী জীশান মীর্জার রয়েছে ১৫ শতাংশের অংশীদারী। অর্থাৎ, প্রতিষ্ঠানটিতে মোট ২৫ শতাংশের মালিকানা রয়েছে বেনজীর আহমেদের স্ত্রী ও মেয়েদের।

পুলিশের সদ্য সাবেক মহাপরিদর্শকের বিরুদ্ধে এত বড় দুর্নীতির অভিযোগে কি বাহিনীতে কোনো প্রভাব পড়তে পারে? পুলিশের সাবেক মহাপরিদর্শক হাসান মাহমুদ খন্দকার এ প্রসঙ্গে ডয়চে ভেলেকে বলেন, ''এই ধরনের খবর বাহিনীতে কোনো প্রভাব ফেলবে না। কারণ, বাহিনীর সদস্যরা প্রশিক্ষিত। কোনো ব্যক্তির বিষয় বাহিনীকে প্রভাবিত করে না।" এমন দৃষ্টান্ত বাহিনীর অন্যদেরও দুর্নীতিতে উৎসাহিত করতে পারে কিনা জানতে চাইলে তিনি বলেন, ''এটা ব্যক্তির উপর নির্ভর করে। যিনি দুর্নীতি করতে চান, তিনি এগুলো দেখেন না। তিনি নিজের মতো করে করেন। ফলে এই খবরের সঙ্গে বাহিনীর কোনো সম্পর্ক নেই।"

পুলিশের সাবেক আরেকজন মহাপরিদর্শক নূরুল হুদা ডয়চে ভেলেকে বলেন, ''পত্রিকায় খবর প্রকাশিত হলেই তো আর সেটা প্রমান হয়ে যায় না। এখন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এটা নিয়ে তদন্ত করা উচিত। যদি সত্যি তিনি অবৈধ সম্পদের মালিক হন তাহলে আইন অনুযায়ী তার বিরুদ্ধে ব্যবস্থা হতে পারে। এখানে বাহিনীর কোনো সম্পর্ক নেই।"

কালের কণ্ঠের প্রতিবেদনে বলা হয়েছে, ''রাজধানীর গুলশানে সুবিশাল অভিজাত একটি অ্যাপার্টমেন্ট রয়েছে বেনজীর আহমেদের। গুলশান ১ নম্বরের ১৩০ নম্বর সড়কের ১ নম্বর বাড়িটির নাম 'র‍্যাংকন আইকন টাওয়ার লেক ভিউ'। ভবনের ১২ ও ১৩তম তলায় আট হাজার ৬০০ বর্গফুটের বিলাসবহুল অ্যাপার্টমেন্ট রয়েছে তার। আট হাজার ৬০০ বর্গফুটের এই অ্যাপার্টমেন্টের বর্তমান বাজারমূল্য প্রায় ২০ কোটি টাকা। এ ছাড়া রাজধানীর মগবাজার আদ-দ্বীন হাসপাতাল সংলগ্ন ইস্টার্ন প্রপ্রার্টিজের একটি বহুতল ভবনে চার হাজার বর্গফুটের ফ্ল্যাট কিনেছেন বেনজীর আহমেদ।

পূর্বাচলে প্রায় ৪৫ কোটি টাকা ব্যয়ে বাড়ি করেছেন বেনজীর আহমেদ। আনন্দ হাউজিং সোসাইটির দক্ষিণ-পশ্চিম এলাকায় পোড়া মোড়ের পাশের এলাকায় অন্তত ৪০ কাঠা জমির ওপর গড়েছেন বিলাসবহুল ডুপ্লেক্স বাড়ি। জমি ও বাড়ির মূল্য কমপক্ষে ৪৫ কোটি টাকা বলে ধারণা স্থানীয়দের।

জানতে চাইলেট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান ডয়চে ভেলেকে বলেন, ''বেনজীর আহমেদ যেহেতু সরকারের গুরুত্বপূর্ণ একজন ব্যক্তি ছিলেন, সে কারণে তার বিরুদ্ধে কোনো দুর্নীতির তথ্য উঠে এলে অবশ্যই সরকারকে গুরুত্বসহকারে বিষয়টি খতিয়ে দেখতে হবে। দুদকসহ সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় ও সরকারি দপ্তরের এ বিষয়ে বিশদভাবে অনুসন্ধানে নামা উচিত। সরকারের যেকোনো পর্যায়েই চাকরি করুন না কেন, বৈধ উপায়ে কোনোভাবেই এত সম্পদ অর্জন করা সম্ভব নয়। বেনজীর আহমেদ যদি সত্যিই এত সম্পদের মালিক হয়ে থাকেন, সেটি বিস্ময়কর। বেনজীর দুর্নীতি করে থাকলে সেটি চিহ্নিত করা উচিত। তার বৈধ আয়ের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ সম্পদ অর্জনের উৎস ও সূত্রগুলো চিহ্নিত করতে হবে। তার দুর্নীতির পুরো চিত্র উন্মোচন করা উচিত। কারণ, আইন সবার জন্য সমান।"

সরকারি চাকরিতে থেকে একজন কর্মকর্তা যে এত সম্পদ অর্জন করলেন সেটা দেখার দায়িত্ব কার? সাবেক মন্ত্রিপরিষদ সচিব আলী ইমাম মজুমদার ডয়চে ভেলেকে বলেন, "এটা দেখার দায়িত্ব দুদক ও এনবিআরের। কারণ, আমাদের প্রত্যেকের বছরে আয়কর রিটার্ন জমা দিতে হয়। সেটা তো অনুসন্ধান করা উচিত। অবশ্য কেউ যদি তার সম্পদের তালিকায় এগুলো না লেখেন, তাহলে তাদের পক্ষে খুঁজে পাওয়া মুশকিল। ১৬ লাখ সরকারি কর্মচারির সবার জন্য তো আলাদা করে অনুসন্ধান করার সুযোগ নেই। তারপরও যেগুলো সামনে আসে, সেগুলোর বিষয়ে অনুসন্ধান করা উচিত। কারণ, আইন সবার জন্য সমান। কেউ যদি জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন করেন, দুদক তদন্ত করে তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ রিহাব)

## এনএইচকে

### নেতানিয়াহুর পদত্যাগ দাবি করেছেন হাজার হাজার ইসরায়েলি বিক্ষোভকারী

জিম্মিদের মুক্তি নিশ্চিত করার ক্ষেত্রে ব্যর্থতার ক্রমবর্ধমান সমালোচনার মধ্যে প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর পদত্যাগের দাবিতে রবিবার জেরুজালেমে সমাবেশ করেছেন বিক্ষোভকারীরা। অ্যাসোসিয়েটেড প্রেসের ভাষ্যানুযায়ী, অক্টোবর মাসে ইসরায়েল-হামাস সংঘর্ষ শুরু হওয়ার পর থেকে সংসদের বাইরে কয়েক হাজার মানুষ জড়ো হওয়া এই সরকার বিরোধী বিক্ষোভটি ছিল সবচেয়ে বড়।

এদিকে, এক সংবাদ সম্মেলনে তার কর্মকাণ্ডের পক্ষে যুক্তি তুলে ধরেছেন নেতানিয়াহু। তিনি বলেন, যারা দাবি করছেন যে জিম্মিদের ফিরিয়ে আনার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করছেন না, তারা ভুল করছেন। তিনি এও বলেন যে ইসরায়েল যখন আলোচনায় নমনীয়তা দেখিয়েছে, হামাস তখন তাদের অবস্থান কঠোর করে চলেছে। তিনি দক্ষিণ গাজার রাফাহতে পদক্ষেপ নেওয়ার জন্য তার প্রস্তুতির কথাও পুনর্ব্যক্ত করেন এবং বলেন যে সেখানকার হামাস ব্যাটালিয়নগুলোকে নির্মূল করা ছাড়া কোনো বিজয় সম্ভব নয়। (এনএইচকে ওয়েব পেজ : ০১.০৪.২০২৪ এলিনা)

## জাগো এফএম

### টিসিবির গাড়িতে ভারতীয় পিঁয়াজ মিলবে ৪০ টাকায়

মঙ্গলবার থেকে ভারতীয় পিঁয়াজ প্রতি কেজি ৪০ টাকা দরে বিক্রি করবে ট্রেডিং করপোরেশন অফ বাংলাদেশ (টিসিবি)। সোমবার (১ এপ্রিল) সন্ধ্যায় এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ভারত থেকে টিসিবির আমদানিকৃত ৫০ হাজার টন পিঁয়াজের মধ্যে প্রথম ধাপে এক হাজার ৬৫০ টন সোমবার রেলযোগে দেশে এসেছে।

ওই পিঁয়াজ ঢাকা মহানগরীর ১০০টি স্থানসহ গাজীপুর ও চট্টগ্রাম মহানগরে খোলা বাজারে বিক্রি করা হবে। বাজারদর বিবেচনায় প্রতি কেজি পিঁয়াজের পূর্ব নির্ধারিত ভোক্তা মূল্য ৫০ টাকা থেকে ১০ টাকা কমিয়ে ৪০ টাকা নির্ধারণ করা হয়েছে। টিসিবির কার্ডধারী পরিবারের পাশাপাশি সব ভোক্তা এই পিঁয়াজ দুই কেজি করে ক্রয় করতে পারবেন।

জানা গেছে, মঙ্গলবার সকালে কারওয়ান বাজারে বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু এই পিঁয়াজ বিক্রি কার্যক্রম উদ্বোধন করবেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০১.০৪.২০২৪ নারগীস)

## ঢাকাসহ ৩৯ জেলায় বইছে তাপপ্রবাহ

বৃষ্টি কমে গরম বেড়ে ঢাকাসহ দেশের ৩৯ জেলায় বইছে মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ। তাপমাত্রা বেড়ে ৩৯ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে। তাপপ্রবাহ আরও বিস্তৃতি লাভ করতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। সোমবার (১ এপ্রিল) সিলেট ছাড়া দেশের আর কোথাও বৃষ্টি হয়নি। সোমবার সন্ধ্যা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় সিলেটে ৮০ মিলিমিটার বৃষ্টি হয়েছে বলে জানিয়েছে আবহাওয়া বিভাগ। রাজধানীসহ দেশের বেশিরভাগ অঞ্চলেই গরমে কষ্ট পাচ্ছে মানুষ। বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বেশি থাকায় বাড়ছে অস্বস্তি। সোমবার দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৯ ডিগ্রি সেলসিয়াস ছিল ঈশ্বরদী ও মোংলায়। ঢাকায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৭ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

আবহাওয়া অধিদপ্তরের তথ্যানুযায়ী, কোনো বিস্তৃত এলাকাজুড়ে নির্দিষ্ট সময় ধরে তাপমাত্রা ৩৬ থেকে ৩৭ দশমিক ৯ ডিগ্রি থাকলে মৃদু, ৩৮ থেকে ৩৯ দশমিক ৯ ডিগ্রি থাকলে মাঝারি ও ৪০ থেকে ৪১ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকলে তীব্র এবং ৪২ ডিগ্রি সেলসিয়াসের বেশি থাকলে তাকে অতি-তীব্র তাপপ্রবাহ বলা হয়। সোমবার সন্ধ্যা ৬টা থেকে আগামী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে আবহাওয়াবিদ মো. মনোয়ার হোসেন জানান, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা বা ঝোড়ো হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। নীলফামারী ও দিনাজপুর জেলাসহ রাজশাহী (৮ জেলা), ঢাকা (১৩ জেলা), খুলনা (১০ জেলা) ও বরিশাল (৬ জেলা) বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত ও বিস্তার লাভ করতে পারে। জলীয়বাষ্পের আধিক্যে অস্বস্তি বাড়তে পারে বলেও জানান তিনি। এছাড়া এসময়ে সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে বলেও পূর্বাভাসে জানানো হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০১.০৪.২০২৪ নারগীস)

## আমদানি-রপ্তানিতে 'সেবা' অন্তর্ভুক্ত করে নতুন আইন

সেবা অন্তর্ভুক্ত করে 'আমদানি ও রপ্তানি আইন, ২০২৪' এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। নতুন আইন অনুযায়ী, সেবা আমদানি ও রপ্তানির ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদন লাগবে। সোমবার (১ এপ্রিল) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে নতুন আইন অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন প্রেস ব্রিফিংয়ে-এ তথ্য জানান। তিনি বলেন, 'আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ ও নিষিদ্ধকরণের ১৯৫০ সালের আইন আছে। পুরোনো আইনগুলো পর্যায়ক্রমে যুগোপযোগী করার নির্দেশনা আছে। এজন্য নতুন আইনের খসড়া করা হয়েছে।'
(জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## আদালতের ওপরে কিছু নেই: বুয়েট উপাচার্য

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সত্য প্রসাদ মজুমদার বলেছেন, আদালতের ওপরে কিছু নেই। আদালত যদি সিদ্ধান্ত দেন আমাদের সেটি মেনে নিতে হবে। আবার আমরা অনেক সিদ্ধান্ত নিয়ে থাকি যেটি আদালতে গেলে আর টেকে না। তবে সিন্ডিকেট বৈঠকেও বিষয়টি নিয়ে আলোচনা হবে। সোমবার (১ এপ্রিল) দুপুরে উপাচার্যের কার্যালয়ে ছাত্র-রাজনীতি নিষিদ্ধে করে বিশ্ববিদ্যালয় প্রশাসনের জারি করা প্রজ্ঞাপন স্থগিত করে হাইকোর্টের দেওয়া নির্দেশনার বিষয়ে জানতে চাইলে তিনি আরও বলেন, এখনো রায়ের কপি পাননি। পেলে আইনজীবীর সঙ্গে কথা বলে পরবর্তী পদক্ষেপ নেওয়ার কথাও বলেন তিনি।

এর আগে দেশের সবচেয়ে প্রাচীন পেশাজীবী প্রতিষ্ঠান ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশের (আইইবি) প্রেসিডেন্ট ও আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক প্রকৌশলী মো. আবদুস সবুর ও সাধারণ সম্পাদক প্রকৌশলী এস এম মঞ্জুরুল হক মঞ্জুসহ আইইবি'র বেশ কয়েকজন সদস্য বুয়েটে উপাচার্যের সঙ্গে দেখা করেন। তারা সবাই বুয়েটের প্রাক্তন শিক্ষার্থী।

বুয়েট উপাচার্য বলেন, ইঞ্জিনিয়ার ইনস্টিটিউশনের সভাপতি, সাধারণ সম্পাদক এবং কমিটির নেতারা এসেছিলেন। বুয়েটের প্রাক্তন ছাত্ররাও ছিলেন। তারা বুয়েট সম্পর্কে সবসময় ওয়াকিবহাল। তারা তাদের শিক্ষাপ্রতিষ্ঠান বুয়েটের ভবিষ্যৎ নিয়ে চিন্তা করেন। বিশেষ করে প্রকৌশলীদের ভবিষ্যৎ নিয়ে চিন্তা করেন। তাদের কথা হলো বুয়েট থেকে পাশ করে যেন শিক্ষার্থীরা দেশের জন্য কাজ করেন, মুক্তিযুদ্ধ চেতনায় উদ্বুদ্ধ থাকেন এবং এখান থেকে পাশ করে দেশের বাইরে চলে না যান। উপাচার্য বলেন, তারা চাচ্ছেন শিক্ষার্থীরা শুধু পড়ালেখা শিখবে না। মুক্ত চিন্তা করবে, সাহিত্য শিখবে, রাজনীতি শিখবে, দেশের প্রতি যাদের করণীয় কিছু সম্পর্কে তারা জানবে।

তাদের ভবিষ্যৎ পরিকল্পনা সেভাবেই হবে যে দেশে থেকে দেশের জন্য কাজ করে যাওয়া। না হলে সে কিন্তু চিন্তা করবে যে আমি দেশকে চিনি না শুধু বুয়েট ক্যাম্পাসই চিনি। ওনারা বলতে চাচ্ছেন এ বিষয়ে একটা পরিকল্পনা করা দরকার। যেখানে শিক্ষার্থীরা পড়াশোনার পাশাপাশি মুক্ত চিন্তার রাজনীতিও করতে পারে। আমরা এসব বিষয়ে আমাদের শিক্ষক, ছাত্র একাডেমিক কাউন্সিল এবং সিন্ডিকেট সভায় আলোচনা করবো। উপাচার্য বলেন, একটি প্রেক্ষাপটে ২০১৯ সালে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে বুয়েটে ছাত্র-রাজনীতি থাকবে না। এ সিদ্ধান্ত থেকে যদি সরে আসতে হয় তাহলে শিক্ষক-

ছাত্র সবাইকে বসে কিন্তু চিন্তা করতে হবে। উনারা বলেছেন এ বিষয়ে উনারা সহায়তা করবেন। তবে কীভাবে করবেন সে বিষয়ে এখনো সিদ্ধান্ত হয়নি।

বুয়েট শিক্ষার্থী ইমতিয়াজ রাব্বির হলের সিট বাতিলের বিষয়ে উপাচার্য বলেন, আমাদের বিশ্ববিদ্যালয়ে রুলস অ্যান্ড রেগুলেশন আছে। অর্থাৎ ২০১৯ সালে যে সিদ্ধান্তটা নেওয়া হয়েছিল সেই সিদ্ধান্ত অনুযায়ী যদি কেউ সম্পৃক্ত (রাজনৈতিক কর্মকাণ্ডে) থাকে তাহলে ফর গুড (চিরতরে) বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার হওয়ার কথা। রাব্বিকে কিন্তু এখনো বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়নি। তদন্ত হবে সে পুরোপুরি জড়িত কি না। সে কিন্তু বলেছিল যে কমিটিতে তার নাম আছে। তাকে বলা হয়েছিল যে তোমার নাম আছে তুমি নামটা উইড্রো করো, সে কিন্তু পদত্যাগপত্র দিয়েছে সেটি এখনো ফাইনাল হয়নি। এজন্য তাকে হল থেকে বহিষ্কার করা হয়েছে।

কিন্তু আইন অনুযায়ী সে কিন্তু বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার হতে পারতো। ২০১৯ সালে যে আইন হয়েছে সেটি আমাকে ফলো করতেই হবে। আমি একজনের জন্য ফলো করবো আরেকজনের জন্য করবো না, সেটা তো হয় না। যদি ভবিষ্যতে নতুন কোনো আইন আসে, তাহলে সেটা ফলো করা হবে। আমার যদি কোনো সিদ্ধান্ত নিতে হয়, তাহলে আমি আইনটা দেখে দেখে নেবো। কারণ আমাকে যখন কোর্টে যেতে হবে, তখন আমি এই আইনটা দেখাবো।

(জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## বুয়েটে ছাত্র-রাজনীতিতে কোনো বাধা নেই

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্ররাজনীতি নিষিদ্ধ করে ২০১৯ সালে জারি করা প্রজ্ঞাপন স্থগিত করেছেন হাইকোর্ট। এর ফলে বুয়েটে ছাত্র-রাজনীতিতে আর কোনো বাধা নেই বলে জানিয়েছেন রিটকারীর আইনজীবী। একইসঙ্গে বুয়েটে ছাত্র-রাজনীতি নিষিদ্ধ করে জারি করা প্রজ্ঞাপন কেনো অবৈধ ও বেআইনি ঘোষণা করা হবে না, জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। সোমবার (১ এপ্রিল) হাইকোর্টের বিচারপতি মো. খসরুজ্জামান ও বিচারপতি কে এম জাহিদ সারওয়ার কাজলের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন।

(জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## বিশ্ববাজারে অস্থিরতায় ফের বাড়লো তেলের দাম

বিশ্ববাজারে আবারও বেড়েছে জ্বালানি তেলের দাম। রাশিয়ার তেল পরিশোধনাগারে হামলা, তেল রপ্তানিকারক দেশগুলোর উৎপাদন কমানোর চিন্তা এবং চীনে চাহিদা বৃদ্ধির আভাস- সব মিলিয়ে কয়েকদিন ধরেই তেলের বাজার ছিল অস্থির। এর জেরে সোমবার (১ এপ্রিল) বিশ্ববাজারে অপরিশোধিত তেলের দাম বেড়েছে বলে মনে করছেন বিশ্লেষকরা। বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, এদিন অপরিশোধিত তেলের আন্তর্জাতিক বেঞ্চমার্ক ব্রেন্টের দাম ব্যারেল প্রতি ২৪ সেন্ট বা ০.৩ শতাংশ বেড়ে ৮৭ দশমিক ২৪ ডলারে দাঁড়িয়েছে। এর আগে, গত সপ্তাহে ব্রেন্টের দাম বেড়েছিল ২ দশমিক ৪ শতাংশ। সোমবার যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের (ডব্লিউটিআই) দামও বেড়েছে। এদিন ব্যারেল প্রতি ২৮ সেন্ট বা ০.৩ শতাংশ বেড়ে ডব্লিউটিআই বিক্রি হচ্ছে ৮৩ দশমিক ৩৫ ডলারে। গত সপ্তাহে এর দাম বেড়েছিল ৩ দশমিক ২ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## তাপমাত্রা ৪০ ছুঁই ছুঁই, তেতে আছে চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা জেলার ওপর দিয়ে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। সোমবার (১ এপ্রিল) বিকেল ৩টায় এ জেলায় তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, যা চলতি মৌসুমের মধ্যে জেলার সর্বোচ্চ তাপমাত্রা। বাতাসের আর্দ্রতা ছিল ২১ শতাংশ। তীব্র রোদ আর গরমে নাভিশ্বাস উঠেছে মানুষের। রোজা রেখে খুব প্রয়োজন ছাড়া কেউ বাইরে বের হচ্ছেন না। কষ্ট হচ্ছে বলছেন রোজাদাররা।

চুয়াডাঙ্গা প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার সূত্রে জানা গেছে, কয়েকদিন ধরেই চুয়াডাঙ্গার ওপর দিয়ে তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। রোববার (৩১ মার্চ) ভোরে এ জেলায় ঝড়-বৃষ্টি হয়। তারপরও তাপমাত্রা কমেনি। ক্রমেই তাপমাত্রার পারদ ওপরে উঠছে। সোমবার দুপুর ১২টায় তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৭ ডিগ্রি সেলসিয়াস। পরে বিকেল ৩টায় তা আরও বেড়ে দাঁড়িয়েছে ৩৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াসে। আবহাওয়া অফিসের সিনিয়র আবহাওয়া পর্যবেক্ষক রাকিবুল হাসান বলেন, জেলার ওপর দিয়ে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। আগামী এক সপ্তাহ পর্যন্ত আবহাওয়া পরিস্থিতি এমনই থাকবে। এর মাঝে তাপমাত্রার পারদ ৪০ ডিগ্রি সেলসিয়াসে উঠতে পারে।

(জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## টিসিবির আমদানি করা ১,৬৫০ মেট্রিক টন পিঁয়াজ খালাস

ভারত থেকে আমদানি করা ১,৬৫০ মেট্রিক টন পিঁয়াজ সিরাজগঞ্জের রেল ইয়ার্ডে খালাস হয়েছে। ট্রেডিং করপোরেশন বাংলাদেশের (টিসিবি) আমদানি করা পিঁয়াজের প্রথম চালান এটি। সোমবার (১ এপ্রিল) সকাল ৬টার দিকে পিঁয়াজের এ চালানটি শহরে এসে পৌঁছায়। এরপর সকাল ৯টার দিকে খালাস কার্যক্রম শুরু হয়। পরে ট্রাকে করে পিঁয়াজগুলো টিসিবির ডিলারদের মাধ্যমে ঢাকা, গাজীপুর ও চট্টগ্রামে চলে যায়। বগুড়া অঞ্চলের ট্রেডিং করপোরেশন বাংলাদেশের (টিসিবি) যুগ্ম-পরিচালক প্রতাপ কুমার জানান, সকাল ৬টায় দিকে পিঁয়াজ বোঝাই ইন্ডিয়ান রেলওয়ের ওয়াগনগুলো

সিরাজগঞ্জ পৌঁছায়। তবে লাইনের কারণে প্রথমে আসে ৩১টি ওয়াগন, বাকি ১১টি আসে সকাল ৯টার দিকে। এখনো খালাস কার্যক্রম চলছে। (জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## শিশু কোলে নারীর আত্মহত্যা, বাঁচাতে গিয়ে কলেজ ছাত্রের মৃত্যু

গাইবান্ধা সদরে ট্রেনে কাটা পড়ে কলেজ ছাত্রসহ দু'জন নিহত হয়েছেন। সোমবার (১ এপ্রিল) দুপুরে কাউনিয়া-সান্তাহার রুটের গাইবান্ধার আদর্শ কলেজ সংলগ্ন রেললাইনে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন জেলার সাঘাটা উপজেলার ভরতখালী গ্রামের জাহিদুল ইসলামের ছেলে জোবায়ের মিয়া (১৮) ও গাইবান্ধা পৌর শহরের মাঝিপাড়া এলাকার আনোয়ার হোসেনর স্ত্রী রাজিয়া বেগম (২৩)। রেলওয়ে পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, গৃহবধূ রাজিয়া বেগম দেড় বছরের একটি শিশু কোলে নিয়ে ট্রেনের নিচে ঝাঁপ দেয়।

এসময় কলেজ ছাত্র জোবায়ের মিয়া তাকে বাঁচাতে গিয়ে ট্রেনের নিচে কাটা পড়েন। এতে ঘটনাস্থলেই দু'জন মারা যান। এ ঘটনায় কোলে থাকা দেড় বছরের শিশু আবির হোসেন গুরুতর আহত হয়। তাকে উদ্ধার করে গাইবান্ধা জেনারেল হাসপাতালে নেন স্থানীয়রা। গাইবান্ধা রেলওয়ে (জিআরপি) পুলিশ ফাঁড়ির উপ-পরিদর্শক (এসআই) ফারুক হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন। (জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## ইদের আগে ৯ এপ্রিল ছুটি থাকছে না

ইদ-উল-ফিতরের আগে ৯ এপ্রিল (মঙ্গলবার) ছুটি থাকছে না। ইদযাত্রা নির্বিঘ্ন করতে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ইদের আগে ৯ এপ্রিল ছুটির সুপারিশ করলেও তা নাকচ করে দিয়েছে মন্ত্রিসভা। সোমবার (১ এপ্রিল) সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভা বৈঠক হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী ও আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভাপতি আ ক ম মোজাম্মেল হক জাগো নিউজকে ৯ এপ্রিল ছুটি না থাকার বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, 'আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ অনুমোদন দেয়নি মন্ত্রিসভা। মন্ত্রিসভা বলেছে, এমনিতেই এবার বেশ অনেকদিন ছুটি পাওয়া যাচ্ছে। এরমধ্যে ৯ এপ্রিল ছুটি দেওয়া হলে ছুটি দীর্ঘ হয়ে যাবে। এতে কাজে স্থবিরতা নামতে পারে। তবে যারা দূরে ইদ করতে যাবেন তারা তো চাইলে ছুটি নিতে পারেন। তাদের সেই অধিকার আছে।' (জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## শেকলে বেধে রেখে তরুণীকে ধর্ষণ; গ্রেফতার চারজন রিমান্ডে

রাজধানীর মোহাম্মদপুরের একটি বাসায় শেকলে বেধে রেখে এক তরুণীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে করা মামলায় চার আসামিকে তিনদিনের রিমান্ডে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। আসামিরা হলেন- সান, হিমেল, রকি ও সালমা ওরফে ঝুমুর। সোমবার (১ এপ্রিল) মামলার তদন্ত কর্মকর্তা মোহাম্মদপুর থানার উপ-পরিদর্শক (এসআই) ফারুকুল ইসলাম আসামিদের আদালতে হাজির করে সাতদিনের রিমান্ডের আবেদন করেন। আসামিপক্ষের আইনজীবীরা রিমান্ড বাতিল চেয়ে জামিনের আবেদন করেন। রাষ্ট্রপক্ষ জামিনের বিরোধিতা করে। উভয়পক্ষের শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ জসিম তাদের তিনদিনের রিমান্ড মঞ্জুর করেন।

রাজধানীর মোহাম্মদপুরের একটি বাসায় শেকলে বেধে রেখে ২৫ দিন ধরে সংঘবদ্ধ ধর্ষণ করা হয় এক তরুণীকে। নবীনগর হাউজিংয়ের একটি বাসায় আটকে রেখে ধর্ষণ ও ধর্ষণের ভিডিও ধারণের অভিযোগে গত ৩১ মার্চ রাতে মোহাম্মদপুর থানায় মামলা করেন ভুক্তভোগী তরুণী। এর আগে তরুণীর চিৎকার শুনে জাতীয় জরুরি সেবা ৯৯৯ নম্বরে এক ব্যক্তি কল করলে পুলিশ তরুণীকে শেকলে বাধা অবস্থায় উদ্ধার করে।
(জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## গ্যাসের আগুনে দগ্ধ মা-বাবার পর চলে গেলেন ছেলেও

ঢাকার ধামরাইয়ের একটি বাসায় গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণে একই পরিবারের তিনজনের মৃত্যু হয়েছে। তারা হলেন নুরুল ইসলাম নান্নু (৬২), তার স্ত্রী সুফিয়া বেগম (৪৫) ও তাদের ছেলে সোহাগ (১৯)। রোববার (৩১ মার্চ) রাত সাড়ে ১১টা থেকে সোমবার (১ এপ্রিল) দুপুর পর্যন্ত বিভিন্ন সময় শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তাদের মৃত্যু হয়।

ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক তরিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, এ ঘটনায় দগ্ধ নুরুল ইসলামের মেয়ে সাথী আক্তার এখনো চিকিৎসাধীন। তার অবস্থা আশঙ্কাজনক। তরিকুল ইসলাম বলেন, গত মঙ্গলবার (২৬ মার্চ) রাত সাড়ে ৩টার দিকে গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণে দগ্ধ হন একই পরিবারের চারজন। পরদিন সকালে উদ্ধার করে তাদের শেখ হাসিনা জাতীয় বান ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের ভর্তি করা হয়। এদের মধ্যে রোববার (৩১ মার্চ) রাত সাড়ে ১১টায় মারা যান নুরুল ইসলাম নান্নু। আজ ভোর পৌনে ৪টার দিকে তার স্ত্রী সুফিয়া বেগম এবং দুপুর পৌনে ১২টায় মারা যান তাদের ছেলে সোহাগ। (জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## মার্চে এলো দুই বিলিয়ন ডলার রেমিট্যান্স

চলতি বছরের সদ্যবিদায়ী মার্চ মাসে বৈধপথে প্রায় দুই বিলিয়ন (১ দশমিক ৯৯ বিলিয়ন) ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় এসেছে দেশে, যা দেশিয় মুদ্রায় প্রায় ২১ হাজার ৯৬৫ কোটি টাকা (প্রতি এক ডলার সমান ১১০ টাকা ধরে)। দৈনিক গড়ে আসছে ৬ কোটি ৪৪ লাখ ডলার বা ৭০৮ কোটি ৫৪ লাখ টাকার বেশি। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে,

মার্চে বৈধ চ্যানেলের মাধ্যমে ১৯৯ কোটি ৬৮ লাখ ৫০ হাজার ডলার এসেছে। এরমধ্যে রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ২৬ কোটি ১৭ লাখ ৭০ হাজার ডলার বা ২ হাজার ৮৭৯ কোটি টাকা। বিশেষায়িত দুই ব্যাংকের মধ্যে কৃষি ব্যাংকের মাধ্যমে ৩ কোটি ৫২ লাখ ৭ হাজার মার্কিন ডলার বা ৩৮৭ কোটি টাকার বেশি এসেছে।

আর বেসরকারি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ১৬৯ কোটি ১৭ লাখ ডলার বা ১৮ হাজার ৫৯০ কোটি টাকা। ৮১ লাখ ১০ হাজার মার্কিন ডলার এসেছে বিদেশি ব্যাংকগুলোর মাধ্যমে।

এদিকে আলোচিত সময়ে কোনো রেমিট্যান্স আসেনি এমন ব্যাংকের সংখ্যা সাতটি। এসব ব্যাংকগুলোর মধ্যে রয়েছে রাষ্ট্র মালিকানাধীন বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক বা বিডিবিএল, বিশেষায়িত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক বা রাকাব। আর বেসরকারি ব্যাংকগুলোর মধ্যে রয়েছে কমিউনিটি ব্যাংক, সিটিজেন্স ব্যাংক, বিদেশি খাতের হাবিব ব্যাংক, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান এবং স্টেট ব্যাংক অব ইন্ডিয়া।

এর আগে চলতি বছরের প্রথম মাস জানুয়ারিতে ২১০ কোটি বা ২.১০ বিলিয়ন ডলারের রেমিট্যান্স এসেছিল এবং দ্বিতীয় মাস ফেব্রুয়ারিতে এসেছিল ২১৬ কোটি ৬০ লাখ ডলার। আর ২০২৩ সালের শেষ মাস ডিসেম্বরে এসেছিল ১৯৯ কোটি ডলারের রেমিট্যান্স। গত বছরের প্রথম মাস জানুয়ারিতে রেমিট্যান্স এসেছিল ১৯৫ কোটি ৮৮ লাখ ডলার, ফেব্রুয়ারিতে আসে ১৫৬ কোটি ডলার, মার্চে ২০২ কোটি, এপ্রিলে ১৬৮ কোটি, মে মাসে ১৬৯ কোটি, জুনে ২২০ কোটি, জুলাইয়ে ১৯৭ কোটি, আগস্টে ১৫৯ কোটি ৯৪ লাখ, সেপ্টেম্বর মাসে ১৩৩ কোটি, অক্টোবরে ১৯৭ কোটি, নভেম্বর মাসে এসেছিল ১৯৩ কোটি ডলার এবং শেষ মাস ডিসেম্বরে আসে ১৯৯ কোটি ডলার রেমিট্যান্স।

(জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## বাস-ট্রেন-লঞ্চে অতিরিক্ত যাত্রী পরিবহন করলেই ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী

ইদে ঘরমুখো মানুষের নিরাপত্তা দিতে বাস ট্রেন ও লঞ্চে অতিরিক্ত যাত্রী পরিবহন করা যাবে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। তিনি বলেন, এর ব্যত্যয় ঘটলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। যানজট নিরসনে রেলস্টেশন, বাস ও লঞ্চ টার্মিনালে আইনশৃঙ্খলা বাহিনী অস্থায়ী ক্যাম্প স্থাপন করে মনিটর করবে। সোমবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে আসন্ন ইদ-উল ফিতরের প্রস্তুতিমূলক সভা শেষে এসব কথা বলেন তিনি।

মন্ত্রী বলেন, যানজট নিরসনে হাইওয়ে পুলিশ, র‍্যাব, জেলা পুলিশ সমন্বয় করে কাজ করবে। যানজট নিরসনে সড়ক ও মহাসড়ক বিভাগ কর্তৃক চিহ্নিত স্পটে সিসি ক্যামেরা স্থাপন করে যানজট পরিস্থিতি মনিটর করবেন। এরই মধ্যে বিভিন্ন সড়কে স্থায়ী ক্যামেরা স্থাপন করা হয়েছে। মহাসড়কে নির্দিষ্ট স্থানে যানজটপ্রবণ এলাকায় র‍্যাকার থাকবে। ড্রোন ব্যবহার করা হবে। সড়ক মহাসড়কে চাঁদাবাজি কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হবে।

তিনি আরও বলেন, ইদ-উদ ফিতরের ছুটির সময় বিভিন্ন সড়ক মহাসড়ক, নৌপথে আকস্মিক দুর্ঘটনায় উদ্ধারকাজের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের টিম রেসকিউ বোট, ডুবুরিসহ ফায়ার সার্ভিসের সব সরঞ্জাম নিয়ে প্রস্তুত থাকবে। প্রয়োজনে কোস্টগার্ড সঙ্গে থাকবে। 'শিল্প এলাকায় ফায়ার সার্ভিস কোস্ট গার্ড প্রস্তুত থাকবে। সীমান্ত এলাকায় কোস্টগার্ড ও বিজিবি সতর্ক দৃষ্টি রাখবে। প্রয়োজনে যে-কোনো স্থান থেকে সবকিছুর জন্য ৯৯৯-সহ পুলিশের সঙ্গে যোগাযোগ করবেন। ছুটিতে পর্যটন কেন্দ্রে দুর্ঘটনা ও অপ্রত্যাশিত ঘটনা রোধে আইন-শৃঙ্খলা বাহিনী সক্রিয় থাকবে, যোগ করেন মন্ত্রী। (জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## এপ্রিলে ৪০ ডিগ্রি ছাড়াতে পারে তাপমাত্রা, হতে পারে ঘূর্ণিঝড়

চলতি মাসে দেশের বিভিন্ন অঞ্চলের ওপর দিয়ে তীব্র থেকে অতিতীব্র তাপপ্রবাহ বয়ে যেতে পারে। একই সঙ্গে বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় সৃষ্টি হতে পারে বলেও জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের দীর্ঘমেয়াদি পূর্বাভাস দিতে গঠিত বিশেষজ্ঞ কমিটি এই পূর্বাভাস দিয়েছে।

সোমবার আবহাওয়া অধিদপ্তরের ঢাকার ঝড় সতর্কীকরণ কেন্দ্রে ও ভিডিও কনফারেন্সের মাধ্যমে কমিটির নিয়মিত বৈঠক অনুষ্ঠিত হয়। অধিদপ্তরের উপপরিচালক মো. ছাদেকুল আলম এতে সভাপতিত্ব করেন। দীর্ঘমেয়াদি পূর্বাভাস প্রতিবেদনে জানানো হয়েছে, এপ্রিল মাসে দেশে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

এ মাসে দেশে ৫ থেকে ৭ দিন বিক্ষিপ্তভাবে শিলাসহ বৃষ্টি বা বজ্রবৃষ্টিসহ হালকা বা মাঝারি ধরনের এবং এক থেকে তিন দিন তীব্র কালবৈশাখি ঝড় হওয়ার সম্ভবনা রয়েছে। এ মাসে বঙ্গোপসাগরে এক থেকে দুটি লঘুচাপ সৃষ্টি হতে পারে, এর মধ্যে একটি নিম্নচাপ বা ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে বলেও জানানো হয়েছে পূর্বাভাস প্রতিবেদনে।

এতে আরও বলা হয়, এপ্রিল দেশে দুই থেকে চারটি মৃদু (৩৬ থেকে ৩৭.৯ ডিগ্রি সেলসিয়াস) বা মাঝারি (৩৮ থেকে ৩৯.৯ ডিগ্রি সেলসিয়াস) এবং এক থেকে দুটি তীব্র (৪০ থেকে ৪১.৯ ডিগ্রি সেলসিয়াস) থেকে অতি তীব্র (৪২ ডিগ্রি সেলসিয়াসের বেশি) তাপপ্রবাহ বয়ে যেতে পারে। এ মাসে দিনের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক থাকতে পারে।

এপ্রিল মাসে দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের প্রেক্ষিতে দেশের উত্তর-পূর্বাঞ্চলের নদ-নদীর পানি সময়বিশেষ দ্রুত বাড়তে পারে। এতে স্বল্পমেয়াদি আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে। তবে অন্যত্র, দেশের সব প্রধান নদ-নদীতে স্বাভাবিক প্রবাহ থাকতে পারে বলে দীর্ঘমেয়াদি পূর্বাভাস প্রতিবেদনে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। মার্চ মাসে সার্বিকভাবে সারাদেশে স্বাভাবিক বৃষ্টিপাত হয়েছে। মার্চে

দেশের সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রি ও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে ৪ ডিগ্রি সেলসিয়াস কম ছিল। একইসঙ্গে গড় তাপমাত্রা ৩ ডিগ্রি সেলসিয়াস কম ছিল বলেও জানিয়েছে আবহাওয়া বিভাগ।
(জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

**বাসভাড়া ৩ পয়সা কমিয়ে প্রজ্ঞাপন, কাল থেকে কার্যকর**

কিলোমিটারপ্রতি তিন পয়সা বাসভাড়া কমিয়ে প্রজ্ঞাপন জারি করেছে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। মঙ্গলবার (২ এপ্রিল) থেকে ডিজেলচালিত বাস ও মিনিবাসের ক্ষেত্রে এটি কার্যকর হবে। সোমবার (১ এপ্রিল) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উপ-সচিব মো. মনিরুল আলম সই করা প্রজ্ঞাপনে এ কথা জানানো হয়।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব এ বি এম আমিন উল্লাহ নূরী বিষয়টি নিশ্চিত করে জাগো নিউজকে বলেন, ডিজেলের দাম কমায় সবার সম্মতিক্রমে বাসভাড়া কমানো হয়েছে। এরই মধ্যে জারি হয়েছে প্রজ্ঞাপন। কাল থেকে এটি কার্যকর হবে। প্রজ্ঞাপনে বলা হয়, আন্তঃজেলা ও দূরপাল্লার রুটে চলাচলকারী বাস-মিনিবাসের ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ যাত্রীপ্রতি কিলোমিটার সর্বোচ্চ ভাড়া ২ টাকা ১৫ পয়সার জায়গায় ২ টাকা ১২ পয়সা নির্ধারণ করা হলো। ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাসের ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ যাত্রীপ্রতি কিলোমিটার ভাড়া ২ টাকা ৪৫ পয়সার জায়গায় ২ টাকা ৪২ পয়সা নির্ধারণ করা হলো।

ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী মিনিবাস এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের (ডিটিসিএ) আওতাধীন জেলার (নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ যাত্রী প্রতি কিলোমিটারে ভাড়া ২ টাকা ৩৫ পয়সার জায়গায় ২ টাকা ৩২ পয়সা নির্ধারণ করা হলো।

ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়া যথাক্রমে ১০ টাকা এবং ৮ টাকা আগের মতো বহাল থাকবে। আরামদায়ক ভ্রমণের জন্য বিআরটিএ অনুমোদিত আসন সংখ্যা কমিয়ে বাস বা মিনিবাসের আসন সংখ্যা পুনর্বিন্যাস করা হলে অনুচ্ছেদ-ক অনুযায়ী নির্ধারিত ভাড়া আনুপাতিকভাবে পুনঃনির্ধারিত করতে হবে। সেক্ষেত্রে রুট পারমিট অনুমোদনকারী কর্তৃপক্ষ (বিআরটিএ), যাত্রী ও পণ্য পরিবহন কমিটি থেকে আনুপাতিকভাবে ভাড়ার হার অনুমোদন করিয়ে নিতে হবে। এ ভাড়ার হার গ্যাস চালিত বাস বা মিনিবাসের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। ডিজেলচালিত বাস ও মিনিবাসের ভাড়া নির্ধারণ সংক্রান্ত ইতঃপূর্বে জারি করা সব প্রজ্ঞাপন ও আদেশ এত দ্বারা রহিত করা হলো। এ ভাড়ার হার প্রতিটি বাস ও মিনিবাসের দৃশ্যমান স্থানে আবশ্যিকভাবে টাঙ্গিয়ে রাখতে হবে। (জাগো এফএম ওয়েব পেজ: ০১.০৪.২০২৪ নারগীস)

## রেডিও টুডে

**বুয়েটে ছাত্র রাজনীতি চলবে : হাইকোর্ট**

বুয়েটে ছাত্র রাজনীতি চলবে বলে আদেশ দিয়েছেন হাইকোর্ট। সোমবার দুপুরে এই আদেশ দেয়া হয়। এছাড়া বুয়েটে ছাত্র রাজনীতি নিষিদ্ধের বিজ্ঞপ্তির কার্যকারিতা স্থগিত করেছেন হাইকোর্ট। এর আগে সকালে বুয়েটের শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতা ইমতিয়াজ রাব্বি বুয়েটে ছাত্র রাজনীতি করার অনুমতি চেয়ে হাইকোর্টে রিট দায়ের করেন। তখন রিটকারী আইনজীবী ব্যারিস্টার হারুন-অর রশিদ বলেছিলেন রাজনীতি বন্ধ করে যে নোটিশ দিয়েছিল সেটি স্থগিত চাওয়া হয়েছে।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**বুয়েটে ছাত্র রাজনীতি বন্ধের দাবিতে আজও পরীক্ষা ক্লাস বর্জন করেছেন শিক্ষার্থীরা**

ক্যাম্পাসে ছাত্র রাজনীতি পুরোপুরি বন্ধ সহ ছয় দফা দাবিতে তৃতীয় দিনের মতো আজও ক্লাস ও পরীক্ষা বর্জন কর্মসূচি পালন করছেন বুয়েটের শিক্ষার্থীরা। অন্যদিকে অনতিবিলম্বে বুয়েটে ছাত্র রাজনীতি চালু করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে আল্টিমেটাম দিয়েছে ছাত্রলীগ। পাশাপাশি বুয়েটে শিক্ষার্থী ও ছাত্রলীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সদস্য ইমতিয়াজ হোসেন রাব্বির সিট ফিরিয়ে দেওয়ার দাবি জানানো হয়।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**৯ এপ্রিল ঈদুল ফিতরের আগে সরকারি ছুটি থাকছে না**

ঈদ যাত্রা নির্বিঘ্ন করতে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ঈদের আগে একদিন ছুটির সুপারিশ করলেও তা নাকচ করে দিয়েছে মন্ত্রিসভা। ফলে ঈদুল ফিতরের আগে নয় এপ্রিল ছুটি আর থাকছে না। সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত হয়। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী ও আইন শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভাপতি আ ক মোজাম্মেল হক ৯ এপ্রিল ছুটি না থাকার বিষয়টি নিশ্চিত করেন।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**সরকার খালেদা জিয়ার মৃত্যুর অপেক্ষায় আছে : গয়েশ্বর**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন বিএনপি ছাত্র রাজনীতি চায় কিন্তু একদলীয় ছাত্র সংগঠন নয়। তিনি বলেন জোর করে ছাত্র রাজনীতি চালানো উচিত নয়। সন্ত্রাসী হামলায় আহত নাটোর জেলা বিএনপির যুগ্ম আহবায়ক দেওয়ান সাহিদ কে দেখতে গিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। এ সময় তিনি খালেদা জিয়ার শারীরিক পরিস্থিতির অবনতির কথা জানিয়ে অভিযোগ করেন

সরকার খালেদা জিয়ার মৃত্যুর অপেক্ষায় আছে। তিনি বলেন সারা দেশে বিএনপি নেতা কর্মীদের বিরুদ্ধে দমন পীড়ন চলছে। স্বাভাবিক রাজনীতি করা যাচ্ছে না। দমন পীড়ন করে সরকার ক্ষমতা ধরে রাখতে চায়।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**চিকিৎসকদের পরামর্শে খালেদা জিয়াকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে: ডা. জাহিদ হোসেন**

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার চিকিৎসক চিকিৎসক ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেছেন বিএনপি চেয়ারপারসনকে চিকিৎসকদের পরামর্শে সিসিইউতে নিবিড় পর্যবেক্ষণে রেখে চিকিৎসা দেয়া হচ্ছে। মেডিকেল বোর্ডের সদস্যরা সার্বক্ষণিক তার চিকিৎসার খোঁজ খবর রাখছেন। রবিবার রাতে সাংবাদিকদের এই তথ্য জানান তিনি। এর আগে শারীরিক অবস্থার অবনতি হলে শনিবার দিবাগত রাত তিনটার দিকে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে রাজধানীর এভার কেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। তখন থেকেই তিনি হাসপাতালের সি সি ইউ তে ভর্তি রয়েছেন।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**ডিজেল চালিত বাসের ভাড়া কমলো কিলোমিটার প্রতি তিন পয়সা**

ডিজেলের দাম কিছুটা কমার পর ডিজেল চালিত বাসের ভাড়া কিলোমিটারে তিন পয়সা কমানো হয়েছে। আজ সোমবার দূরপাল্লার বাসের ভাড়া কিলোমিটারে ২ টাকা ১৫ পয়সা থেকে কমিয়ে দুই টাকা ১২ পায়সা নির্ধারণ করা হয়েছে। এছাড়া ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে বাস ভাড়া কিলোমিটার প্রতি দুই টাকা ৪৫ থেকে নিয়ে দুই টাকা ৪২ পয়সা করা হয়েছে। সরকার প্রজ্ঞাপন জারির পর নতুন এই ভাড়া কার্যকর করা হবে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**দ্বিতীয় ধাপের উপজেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে ইসি**

দ্বিতীয় ধাপে উপজেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। আজ সোমবার প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিব উল আউয়ালের সভাপতিত্বে নির্বাচন কমিশনের বৈঠকে তফসিল চূড়ান্ত করা হয়। বৈঠক শেষে ইসি সচিব মো. জাহাঙ্গীর আলম তফসিল ঘোষণা করেন। তফসিল অনুযায়ী দ্বিতীয় ধাপে ১৬১টি উপজেলায় আগামী ২১ শে মে ভোট প্রধান অনুষ্ঠিত হবে। ওদিন সকাল আটটা থেকে বিকাল ৪ঃ০০ টা থেকে বিরতিহীন ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। দ্বিতীয় ধাপে মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন একুশে এপ্রিল আর প্রতীক দেয়া হবে ২মে। এর আগে আগামী ৮ ই মে প্রথম ধাপের উপজেলা নির্বাচনের ভোট হবে। প্রথম ধাপে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে ১৫৩ উপজেলায়। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**সিলেট ও সুনামগঞ্জে কালবৈশাখী ঝড়ের তাণ্ডবে ব্যাপক ক্ষয়ক্ষতি**

সিলেট ও সুনামগঞ্জে কালবৈশাখীর তাণ্ডবে অন্তত ২ শতাধিক ঘর বাড়ি, দোকানপাট বিধ্বস্ত হয়েছে। এতে আহত হয়েছেন শতাধিক মানুষ। ঝড়ের মধ্যে বৃষ্টির সঙ্গে বড় বড় শিলার আঘাতে বেশ কিছু গাড়ির কাচ ও বাড়ির টিনের ক্ষয়ক্ষতি হয়েছে। শিলার আঘাতে একজনের মাথা ফেটে যাওয়ার খবর পাওয়া গেছে। রোববার রাত দশটায় শুরু হয় ঝড়ের তান্ডব। এতে সুনামগঞ্জের দুই উপজেলার বিশটি গ্রামের শতাধিক ঘরবাড়ি ও দোকানপাট বিধ্বস্ত হয়।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**মেহেরপুরে ট্রাক চাপায় দুই সাইকেল আরোহী নিহত**

মেহেরপুরে ট্রাক চাপায় দুই বাইসাইকেল আরোহী নিহত হয়েছেন। সোমবার সকাল সাড়ে সাতটার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের চান বিল নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে। এই ঘটনায় ট্রাক চালক বাবুল আলীকে আটক করেছে পুলিশ।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**রাজধানীর ধানমন্ডিতে প্রাইভেট কারের ধাক্কায় এক বৃদ্ধ নিহত**

রাজধানীর ধানমন্ডিতে প্রাইভেট কারের ধাক্কায় আনিসুর রহমান নামের এক বৃদ্ধ নিহত হয়েছেন। তিনি একটি কারখানায় কেয়ারটেকারে কাজ করতেন। রোববার দিবাগত রাত ১:৩০ টার দিকে ল্যাব এইড হাসপাতালের সামনের রাস্তায় এই দুর্ঘটনা ঘটে।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**আদালতের রায় আমাদেরকে অবশ্যই মানতে হবে: বুয়েট ভিসি**

বুয়েটে ছাত্র রাজনীতি চলতে বাধা নেই আদালতের দেওয়া এই আদেশ মানতে হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়টির উপাচার্য ড. সত্য প্রসাদ মজুমদার। সোমবার এক সংবাদ ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। এ সময় তিনি আরো বলেন আদালতের রায় আমরা মানতো বাধ্য কারণ এটি না মানা হলে আদালত অবমাননা করা হবে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**জিয়াউর রহমানের আমলেই শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে দখলদারিত্ব চালু হয় : ওবায়দুল কাদের**

শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে দখলদারিত্ব শুরু হয় জিয়াউর রহমানের আমলে বলে দাবি করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। সোমবার আওয়ামী লীগের দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা বলেন তিনি। এ সময় ওবায়দুল কাদের আরো বলেন স্বৈরশাসক জিয়াউর রহমান ক্ষমতা পাকাপোক্ত করতে ছাত্রদের হাতিয়ার হিসেবে ব্যবহার করার ধারা চালু করেন।

ক্ষমতা ও অর্থের প্রতি মহবিষ্ট করে ছাত্রনেতাদের আদর্শ থেকে বিচ্যুত করে ও পথভ্রষ্ট করে ছাত্রদল প্রতিষ্ঠা করা হয় বলেও মন্তব্য করেন তিনি।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**অসুস্থ খালেদা জিয়াকে দেখতে হাসপাতালে বিএনপি'র তিন শীর্ষ নেতা**

অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে দেখতে হাসপাতালে গিয়েছেন বিএনপি'র তিনজন শীর্ষ নেতা। সোমবার দুপুর ২:০০ টায় রাজধানীর এভার কেয়ার হাসপাতালের ৫০১৯ নম্বর কেবিনে খালেদা জিয়াকে দেখতে যান বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস এবং দলটির ঢাকা মহানগর উত্তরের আহ্বায়ক আমানুল্লাহ আমান মান । এর আগে শারীরিক অবস্থার অবনতি হলে শনিবার দিবাগত রাত তিনটার দিকে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে রাজধানীর এভার কেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। তখন থেকেই তিনি হাসপাতালের সি সি ইউ তে রয়েছেন।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)।

**ঈদে যাত্রা পথে চাঁদাবাজি হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন এবারের ঈদে যাত্রাপথে চাঁদাবাজি করা হলে কঠোর হতে তা দমন করা হবে। যানজট কমাতে বিভিন্ন সড়কে অস্থায়ী সিসি ক্যামেরা থাকবে। সোমবার সচিবালায় ঈদ ঘরমুখো মানুষের নিরাপত্তা নিয়ে এক প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। এ সময় তিনি আরো জানান ঈদুল ফিতর উপলক্ষে সারাদেশে সাদা পোশাকে আইন-শৃঙ্খলা বাহিনী এবং গোয়েন্দা বাহিনী মোতায়েন থাকবে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০১.০৪.২০২৪ আসাদ)

**আন্তর্জাতিক বাজারে আরেক দফা কমলো ডিজেল ও কেরোসিনের দাম**

আন্তর্জাতিক বাজারে আরেক দফা কমলো ডিজেল ও কেরোসিনের দাম। এতে করে আজ থেকে প্রতি লিটার ডিজেল ও কেরোসিন ২ টাকা ২৫ পয়সা কমে বিক্রি হচ্ছে ১০৬ টাকায়। তবে অপরিবর্তিত থাকবে পেট্রোল ও অকটেনের দাম। গতকাল রোববার বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দেওয়া এক সংবাদ বিবৃতিতে এ কথা জানানো হয়েছে।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০১.০৪.২০২৪ রুবাইয়া)

# BBC ENGLISH

**GAZA HOSPITAL IN RUINS AFTER TWO-WEEK ISRAELI RAID**

Israel's military has pulled out of al-Shifa hospital in Gaza City after a two-week raid that has left most of the major medical complex in ruins. Gaza's Hamas-run health ministry said dozens of bodies had been found and locals said nearby areas were razed. The Israel Defence Forces (IDF) said it had killed 200 terrorists, found weapons and Intelligence "throughout the hospital". The IDF said it raided al-Shifa because Hamas had regrouped there. (BBC Web Page: 01/04/24, FARUK)

**CAREER-ENDING PRESSURE ON ISRAELI PM NETANYAHU GROWS**

Israel's deep political divisions are back on public display. They were put to one side for a while, as shock and national unity followed the 7 October attacks by Hamas - but six months later, thousands of protesters are once again on Israel's streets. The war has turbocharged their determination to unseat Israel's longest-serving prime minister, Benjamin Netanyahu. In Jerusalem, police used skunk water - a foul-smelling substance fired from water cannons - to clear protesters who had blocked the Begin Boulevard, the city's major north-south highway. (BBC Web Page: 01/04/24, FARUK)

**AIR STRIKE HITS BUILDING NEXT TO IRANIAN EMBASSY IN SYRIA**

A suspected Israeli strike has destroyed a building next door to the Iranian embassy in Syria's capital, Damascus, Syrian state media report. Pictures showed smoke and dust rising from the flattened multi-storey structure, which was located on a highway in the western Mezzeh district. The state media reports did not mention any casualties, but a monitoring group said that six people were killed. There was no immediate comment from the Israeli military. (BBC Web Page: 01/04/24, FARUK)

**TURKISH OPPOSITION STUNS ERDOGAN WITH LOCAL ELECTIONS WIN**

Turkey's main opposition party has claimed big election victories in the main cities of Istanbul and Ankara. The results are a significant blow for Recep Tayyip Erdogan, who had hoped to regain control of the cities less than a year after he claimed a third term as president. He led the campaign to win in Istanbul, where he grew up and became mayor. But Ekrem Imamoglu,who first won the city in 2019, scored a second victory for the secular opposition CHP. (BBC Web Page: 01/04/24, FARUK)

**INTERIM CARGO ROUTE TO OPEN NEAR BALTIMORE BRIDGE**

A temporary alternative route for ships is to be opened in the US city of Baltimore following the collapse of a major bridge, officials have announced. Six people died after the Dali cargo ship struck the Francis Scott key Bridge last Tuesday, causing shipments to be suspended in and out of one of the country's busiest ports. Meanwhile, efforts are under way to remove debris from the water. A 200-tonne piece of the bridge was removed on Saturday.
(BBC Web Page: 01/04/24, FARUK)

**RUSSIA ENDS EFFORTS TO RESCUE GOLD MINERS TRAPPED FOR TWO WEEKS**

An operation to rescue 13 gold miners trapped by a landslide in the far east of Russia has ended with the miners presumed dead, Russian media report. Efforts at the Pioneer mine in the Amur region could not continue due to fears of further rock collapses. The landslide happened two weeks ago, trapping the miners more than 100m underground. Possible shelter areas have been found to be flooded. The mine is one of the world's largest and one of Russia's most productive. (BBC Web Page: 01/04/24, FARUK)

**::The End::**

বাংলাদেশ বেতার